# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 06, 1430 Bangla, January 20, 2024, Saturday, No. 20, 54th year

# H I G H L I G H T S

Leaders of eight other countries congratulated Sheikh Hasina for being elected PM of BD for consequitive fourth time. The countries are UAE, Qatar, Egypt, Luxembourg, Turkey, Singapore, Malaysia and Brazil. (VOA: 7)

AL GS Obaidul Quader says, AL government is not at all worried about recent statement made by USA regarding free and fair election of BD's National Parliament. (Jago FM: 14)

BNP senior leader Nazrul Islam Khan claims, people do not like this government. Adds, everyone says the 12th parliament election was not fair. So, what TIB said, reflects public opinion. (VOA: 7, R. Today: 13)

US spokesman Matthew Miller at a regular briefing says USA will work with newly elected government of BD. He dismissed the possibility that USA would not recognize BD's new government. (DW: 11)

USA has expressed concern over arrest of opposition party leaders centering elections in BD. Without changing its position; USA again says, election was not free and fair. (R. Today: 13)

WEF reports, energy scarcity is the biggest risk among the 5 risks to the economy of BD. Analysts say, gas crisis has resulted in reduced domestic fuel production and increased dependence on imports. (BBC: 3)

Chickens are dying in many farms due to bad weather. Even, many poultry farms have been closed down due to this cause. (BBC: 3)

The price of daily necessities including rice-dal-oil and fish-meat-vegetables is running like crazy horse. Buyers complain, directives of PM and Ministers of govt to pull the reins of price did not work. (R. Tehran: 8)

Capital Dhaka once again becomes the world's most polluted cities. According to air quality index at 9:15 am on Friday, the capital scored 311. At this score, air quality is considered hazardous. (R. Today: 13)

Hundreds of monkeys are coming to five villages of munsirhat union of Feni from the neighboring country for the past few months. After destroying and eating various crops, they are going back. (BBC: 4)

Number of people affected by corona virus is gradually increasing in country. In last 24 hours, 22 new cases have been detected. No death was reported in country at this time. (Jago FM: 17)

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ০৬, ১৪৩০ বাংলা, জানুয়ারি ২০, ২০২৪, শনিবার, নং- ২০, ৫৪তম বছর**

# শিরোনাম

টানা চতুর্থবার বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন আরো আট দেশের নেতারা। দেশগুলো হলো সংযুক্ত আরব আমিরাত, কাতার, মিসর, লুক্সেমবার্গ, তুরস্ক, সিঙ্গাপুর, মালয়েশিয়া ও ব্রাজিল। (ভোয়া: ৭)

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও সুষ্ঠু হওয়া নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র সাম্প্রতিক যে বক্তব্য দিয়েছে, তা নিয়ে সামান্যতম কোনো অস্বস্তিতে নেই আওয়ামী লীগ সরকার। তাদের এসব কথা নিয়ে চিন্তিত নয় সরকার। (জাগো এফ এম: ১৪)

জনগণ এই সরকারকে পছন্দ করে না দাবি করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেন, দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে সবাই তো বলেছে- নির্বাচন সুষ্ঠু হয় নাই। কাজেই টিআইবি যা বলেছে, সেটি জনমতের প্রতিফলন। (ভোয়া: ৭, রে. টুডে: ১৩)

পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার মার্কিন পররাষ্ট্র দপ্তরের নিয়মিত ব্রিফিংয়ে বাংলাদেশের নবনির্বাচিত সরকারের সঙ্গে তার দেশের কাজ করার প্রতিশ্রুতির কথা জানিয়েছেন। তার সরকারকে যুক্তরাষ্ট্র স্বীকৃতি দেবে না- এমন সম্ভাবনা খারিজ করেছেন তিনি। (ডয়েচে ভেলে: ১১)

বাংলাদেশের সদ্য সমাপ্ত জাতীয় সংসদ নির্বাচন ঘিরে বিরোধী দলের নেতাকর্মীদের গ্রেফতারে উদ্বেগ প্রকাশ করেছে মার্কিন যুক্তরাষ্ট্র। পাশাপাশি এই নির্বাচন নিয়ে দেশটির অবস্থান পরিবর্তন না করে তারা ফের বলছে, নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি। (রে. টুডে: ১৩)

বিরূপ আবহাওয়ার জন্য অনেক খামারে মুরগির বাচ্চা মারা যাচ্ছে। এমনকি, শুধুমাত্র এই কারণে অনেক পোল্ট্রি খামার বন্ধও হয়ে গেছে। (বিবিসি: ৩)

ওয়ার্ল্ড ইকনোমিক ফোরামের প্রতিবেদনে বাংলাদেশে অর্থনীতির জন্য ৫টি ঝুঁকির মধ্যে জ্বালানি স্বল্পতাকে সবচেয়ে বড় ঝুঁকি হিসেবে উল্লেখ করা হয়েছে। বিশ্লেষকরা বলছেন, গ্যাস সংকটের কারণ নিজস্ব জ্বালানির উৎপাদন কমেছে আর আমদানি নির্ভরতা বেড়েছে। (বিবিসি: ৩)

বাজারে চাল-ডাল-তেল এবং মাছ-মাংস-সব্জিসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের পাগলা ঘোড়া যেনো ছুটেই চলেছে। লাগাম টানতে সরকারের প্রধানমন্ত্রী ও মন্ত্রীদের নির্দেশনার প্রতিফলন বাজারে, প্রভাব ফেলতে পারেনি অভিযোগ ক্রেতাদের। (রে তেহরান : ৮)

বিশ্বের দূষিত শহরের তালিকায় আবারও শীর্ষে অবস্থান করছে রাজধানী ঢাকা। শুক্রবার সকাল ৯টা ১৫ মিনিটে এয়ার কোয়ালিটি ইনডেক্স অনুযায়ী রাজধানী ঢাকার স্কোর ৩১১। এ স্কোর বাতাসের মান ঝুঁকিপূর্ণ হিসেবে ধরা হয়। (রে. টুডে: ১৩)

গত প্রায় মাসখানেক ধরে প্রতিবেশী দেশ থেকে বানর ফেনী জেলার ফুলগাজী উপজেলার মুন্সিরহাট ইউনিয়নের সীমান্তবর্তী অন্তত পাঁচটি গ্রামে আসছে। এরপর বিভিন্ন ফসল নষ্ট করে কিছু সময় থেকে আবার চলে যায়। (বিবিসি: ৪)

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ২২ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ সময়ে দেশে কোনো মৃত্যুর তথ্য জানা যায়নি। (জাগো এফ এম: ১৭)

# বিবিসি

## গ্যাস সংকট নিয়ে উদ্বেগ, পরিস্থিতি এমন হলো কেন?

"ভোর পাঁচটা বাজে উঠে দেখি যে একটু পানিও গরম করতে পারি না। সারাদিন তো গ্যাস আসেই না। সকাল বেলা নাস্তা বানাতে পারি না ছেলে অফিসে যায়। ছেলের বাবা ডায়াবেটিসের রোগী, তাকে নাস্তা বানিয়ে খাওয়াতে পারি না। অনেক কষ্ট হয়," মিরপুরের একজন গৃহিনী গ্যাস সংকটের কারণে কষ্টের কথাগুলো এভাবেই বর্ণনা করেন।

রান্নার গ্যাস ছাড়াও সিএনজি, শিল্পকারখানা এবং বিদ্যুৎ কেন্দ্রেও পর্যাপ্ত গ্যাস সরবরাহ করা যাচ্ছে না। সবমিলিয়ে বাংলাদেশে চলছে তীব্র গ্যাস সংকট। ওয়ার্ল্ড ইকনোমিক ফোরামের প্রতিবেদনে বাংলাদেশে অর্থনীতির জন্য ৫টি ঝুঁকির মধ্যে জ্বালানি স্বল্পতাকে সবচেয়ে বড় ঝুঁকি হিসেবে উল্লেখ করা হয়েছে। বিশ্লেষকরা বলছেন, গ্যাস সংকটের কারণ নিজস্ব জ্বালানির উৎপাদন কমেছে আর আমদানি নির্ভরতা বেড়েছে। ডলার সংকটের কারণে অতিরিক্ত আমদানি করাও সম্ভব হচ্ছে না। আগামীতে জ্বালানি সংকট মোকাবেলা এবং আমদানি করে চাহিদা পূরণ করাই হবে বাংলাদেশের বড় চ্যালেঞ্জ। দেশে প্রাথমিক জ্বালানি হিসেবে গ্যাসের চাহিদা সবচেয়ে বেশি।

পেট্রোবাংলার পূর্বাভাস অনুযায়ী, ২০২৩-২৪ অর্থবছরে বিদ্যুৎ, শিল্প, সার, গৃহস্থলি, সিএনজিসহ সাতটি সেক্টরে মোট চাহিদা দাঁড়াবে ৩,৭১৫ মিলিয়ন ঘনফুট গ্যাস। পেট্রোবাংলার হিসাবেই বর্তমানে এক হাজার মিলিয়ন ঘনফুটের বেশি গ্যাসের ঘাটতি আছে। বিশেষজ্ঞরা মনে করেন, গ্যাসের ঘাটতি আরো বেশি যা দেড় হাজার মিলিয়ন ঘনফুটের মতো। জ্বালানি বিশেষজ্ঞ অধ্যাপক ম. তামিম বলছেন, দিনে দিনে আমাদের উৎপাদন কমে আসছে। উৎপাদন বাড়ানোর একটা চেষ্টা হয়েছিল তাতে কিছু জায়গায় উৎপাদন বেড়েছে কিন্তু অন্য জায়গায় কমে গিয়ে নেট উৎপাদন কমে গেছে। "আমদানির ক্ষেত্রেও আমরা দেখতে পাচ্ছি একটা স্থবিরতা আছে। এই মুহূর্তে কোনো স্বল্পকালীন সমাধান নাই। এই জ্বালানি সংকট যেটা সেটা ডলারের সংকট না কাটলে স্বল্পকালীন কোনো সমাধান নাই," বিবিসি বাংলাকে বলেন অধ্যাপক তামিম। বাংলাদেশে গ্যাস সবচেয়ে বেশি ব্যবহার হয় বিদ্যুৎ উৎপাদনে। পেট্রোবাংলার হিসাবে বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাসের চাহিদাই হবে এবার দেড় হাজার মিলিয়ন ঘটফুটের মতো। তবে উৎপাদন সক্ষমতা অনুযায়ী গ্যাস-ভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের সার্বিক চাহিদা হলো ২২৪০ এমএমসিএফডি। বর্তমানে দেশের বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রে সরবরাহ করা হচ্ছে সাড়ে সাতশ-আটশ এমএমসিএফডি গ্যাস। অর্থাৎ গ্যাস-ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলোতে গ্যাসের যে চাহিদা রয়েছে সেটির বিপরীতে সরবরাহ করা হচ্ছে ৪০ শতাংশের মতো। মি. তামিম বলছেন, গত বছর তেল-গ্যাস-কয়লা সব মিলিয়ে ১৩-১৫ বিলিয়ন ডলার লেগেছে। এ বছর জ্বালানির দাম একই থাকলে প্রতি মাসে ১.২ বিলিয়ন ডলার লাগবে। অর্থাৎ এক বছরে ১৮ বিলিয়ন লাগতে পারে। এ বিষয়টি প্রচণ্ড চাপ সৃষ্টি করবে। "আমাদের তো শুধু জ্বালানি আমদানি করলেই হবে না। শিল্প কারখানা চালাতে গেলে কাঁচামাল টোটাল আমদানির যে চাপ সেটা তো আছেই। সেখানে জ্বালানি অতিরিক্ত চাপ চলে এসেছে কারণ আমাদের জ্বালানি পুরো পরিকল্পনাটাই আমদানি নির্ভর হয়েছে।" সরকারি হিসাবে এ বছর গরমে সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা হতে পারে ১৭,৫০০ মেগাওয়াটের মতো। এ বিদ্যুৎ উৎপাদনে তেল, গ্যাস ও বিপুল পরিমাণ কয়লা প্রয়োজন হবে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের তথ্য অনুযায়ী, ২০২২-২৩ অর্থবছরে বিদ্যুৎ উৎপাদনে আমদানিসহ জ্বালানির জন্য ব্যয় করতে হয়েছে ৬১ হাজার ৩২৭ কোটি টাকা।

অধ্যাপক ম. তামিম বলছেন, বর্তমানে একহাজার মিলিয়ন ঘনফুট এলএনজি আমদানি করতেই সরকার হিমশিম খাচ্ছে। ভবিষ্যত পরিকল্পনা অনুযায়ী জ্বালানি আমদানি ব্যয় মেটানো একটা বড় চ্যালেঞ্জ। প্রাথমিক জ্বালানির অভাবে ২০২২ সালে ব্যাপক লোডশেডিং করতে হয়েছিল। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে এলএনজি, কয়লার ও জ্বালানি তেলের দাম বৃদ্ধি পাওয়ায় জ্বালানি আমদানির জন্য অতিরিক্ত ১৩ বিলিয়ন ডলার ব্যয় হয়েছিল বলে জানিয়েছে জ্বালানি মন্ত্রণালয়। এক পর্যায়ে স্পট মার্কেট থেকে এলএনজি গ্যাস আমদানি বন্ধ হয়ে গিয়েছিল। বিদ্যুৎ উৎপাদনে জ্বালানি চাহিদা পূরণ করতে ডলারের ওপর একটা ব্যাপক চাপ পড়ছে। বর্তমান সংকটের কারণে এ বছর জ্বালানি সংকট পূরণ আরো চ্যালেঞ্জিং হবে বলেও মনে করেন বিশ্লেষকরা।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের খণ্ডকালীন শিক্ষক ও গবেষক মাহা মির্জা বলছেন আমদানি নির্ভর হওয়ায় পরিস্থিতি উদ্বেগের হয়েছে। "আমাকে এটা পুরো ডলারে পরিশোধ করতে হচ্ছে এবং আপনারা জানেন যে আমাদের ডলারের যে রিজার্ভ সেটা কমে আসছে খুবই আশঙ্কাজনকভাবে। এখনই কিন্তু আমি বিল পরিশোধ করতে পারছি না। আপনি দেখবেন বিভিন্ন প্রতিবেদনে বিপিসি পেট্রোবাংলা বিল পরিশোধ করা যাচ্ছে না জ্বালানির," বিবিসি বাংলাকে বলছিলেন মাহা মির্জা। জ্বালানি বিশেষজ্ঞরা মনে করেন, বাংলাদেশে নিজস্ব গ্যাস অনুসন্ধান ও উৎপাদন বাড়ানোর কার্যকর পদক্ষেপ না থাকা এবং আমদানি নির্ভরতা বৃদ্ধির কারণেই সংকটের পরিস্থিতি তৈরি হয়েছে। কয়লা নির্ভর বিদ্যুৎকেন্দ্র স্থাপনের পরিকল্পনা হয়েছে কিন্তু নিজস্ব কয়লা নিয়ে সিদ্ধান্তে আসা যায়নি। জ্বালানি বিশেষজ্ঞ বদরুল ইমাম সমস্যার পেছনে প্রধানত বাংলাদেশে স্থলভাগ ও সাগরে গ্যাস অনুসন্ধান তৎপরতায় ঘাটতি দেখেন। তিনি বলেন, সমুদ্রে গ্যাস অনুসন্ধান ও উত্তোলনের ক্ষেত্রে ভারত ও মিয়ানমার ভালোভাবে করলেও বাংলাদেশের সমুদ্রে গ্যাস উত্তোলন হয়নি, অনুসন্ধানও হয়নি। গ্যাসের সংকট সহসা কাটবে না বলে তিনি মনে করেন। "দেশীয় উৎপাদন বৃদ্ধি আমরা ঐভাবে দেখছি না। বরং মনে হচ্ছে যে এটা যে কমতির দিকে যাচ্ছে সেটাকে উঠায় নিয়ে আসার পর্যাপ্ত অনুসন্ধান এবং কূপ খননের কাজগুলো যতটা দরকার ততটা হচ্ছে না," বলছেন অধ্যাপক ইমাম। পেট্রোবাংলার হিসাবে

বাংলাদেশের আবিস্কৃত গ্যাসক্ষেত্রগুলোতে প্রমাণিত উত্তোলনযোগ্য গ্যাসের মজুদ আছে ৮.৬৮ ট্রিলিয়ন ঘনফুট। বিশেষজ্ঞদের মতে, বাংলাদেশে বছরে এখন গ্যাসের চাহিদা এক টিসিএফ এর কাছাকাছি সেই হিসাবে এই গ্যাস দিয়ে দশ বছরের মতো চলতে পারে। গ্যাসের মজুদ বৃদ্ধির জন্য প্রয়োজন অনুসন্ধান এবং উত্তোলন বৃদ্ধি করা। অধ্যাপক ম. তামিম বলছেন পেট্রোবাংলা অতীতে পরিকল্পনা গ্রহণ করেও সেটি থেকে সরে এসেছে। গ্যাস যে দেশে নাই এটা তো পেট্রোবাংলা ২০07 সাল থেকেই জানে। ড. ম তামিম বলছেন, ২০১০ সালে গ্যাস উৎপাদন বৃদ্ধির জন্য যেসব পরিকল্পনা ছিল সেগুলো সব ঝেড়ে ফেলা হয়েছে এবং পুরোটাই এলএনজি গ্যাস পরিকল্পনায় চলে গেছে ২০১২-১৩ সাল থেকে। "পেট্রোবাংলা তার নিজস্ব গ্যাস উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা থেকে সরে গিয়ে আমরা দেখছি যে তাদের যে গ্যাস সরবরাহ চাহিদা ছিল সেটা আমদানির মাধ্যমে পূরণ করবে এবং আমরা সেই পরিকল্পনা অনুযায়ী এগিয়ে যাচ্ছি," বলেন অধ্যাপক তামিম। জ্বালানি খাতে এ রকম একটা পরিস্থিতি সৃষ্টির পেছনে সরকারের নীতিগত অবস্থান নিয়ে প্রশ্ন রাখেন গবেষক মাহা মির্জা। তিনি মনে করেন, সরকার মহাপরিকল্পনা করেই আমদানি নির্ভর হয়ে পড়েছে, যে কারণেই ঝুঁকি তৈরি হয়েছে।

মাহা মির্জা বলেন, ২০১৬ সালে সরকার যে মাস্টারপ্ল্যান করেছে সেখানে পুরো জ্বালানি খাতটাকে সাজানো হয়েছে আমদানি নির্ভর করে। তাদের মাস্টারপ্ল্যানেই বলা ছিল যে সৌর ও বায়ু বিদ্যুতের খরচ কমে আসবে আর কয়লা ও এলএনজির দাম বৃদ্ধি পাবে। এটা এমন না যে এটা তাদের কাছে অজানা তথ্য। এলএনজি স্পট মার্কেট সবসময়ই একটা অনিশ্চিত বিষয়। মাহা মির্জা বলছেন, "যে আন্তরিকতা, দক্ষতা এবং যে প্যাশনের সাথে তারা কয়লা এবং এলএনজি বিদ্যুৎ কেন্দ্রগুলো করেছে সেই একই দক্ষতা একই প্যাশন দিয়ে যদি তারা নবায়নযোগ্য এবং দেশীয় গ্যাস অনুসন্ধান এবং উত্তোলন করতেন তাহলে আমাদের আজকে এই সংকটের মধ্যে পড়তে হতো না।" এই মুহূর্তে দেশের ২২টি গ্যাসক্ষেত্র থেকে দৈনিক উত্তোলন হচ্ছে কমবেশি দুই হাজার মিলিয়ন ঘনফুটের মতো গ্যাস। আর পাঁচশ এমএমসিএফডি এলএনজি আমদানি করা হচ্ছে। এলএনজি আমদানির সক্ষমতা অনুযায়ী দৈনিক সর্বোচ্চ ৮শ থেকে ৯৫০ মিলিয়ন ঘনফুট গ্যাস আমদানি সম্ভব। এখনকার চাহিদা পূরণে আমদানি করা ছাড়া কোনো উপায় নেই তবে দীর্ঘ মেয়াদে সমাধানের জন্য সাগরে এবং স্থলভাগে তেল-গ্যাস অনুসন্ধান বাড়ানোর তাগিদ দিচ্ছেন বিশেষজ্ঞরা।

জ্বালানি বিশেষজ্ঞ বদরুল ইমাম বলছেন অনুসন্ধান বাড়ানোটাই হবে দীর্ঘমেয়াদী সমাধানের সর্বোত্তম উপায়। "যথেষ্ট পরিমাণ অনুসন্ধান করতে হবে। কূপ খনন করে যেতে হবে। দশটা কূপ খনন করে যদি তিনটাতেও পান তাহলেও কিন্তু ভাল। এই কাজটা না করলে এই গ্যাস সংকট থেকে কখনোই উত্তরণ ঘটাতে পারবো না। স্থলভাগেও জরুরি ভিত্তিতে বাপেক্স এবং এর সঙ্গে বিদেশি কোম্পানিকে এনগেজ করতে হবে। সামগ্রিকভাবে আমাদের অনুসন্ধান কাজকে আরো জোরালো করতে হবে," বলেন অধ্যাপক ইমাম।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, জ্বালানি সংকট সমাধানের জন্য সরকার বহুমূখী জ্বালানি ব্যবহার করছে। বিদ্যুৎ উৎপাদনে সৌর ও বায়ু বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে জোর তৎপরতা আছে। এ বছরই সাগরে গ্যাস অনুসন্ধানে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হবে। এছাড়া পরিবেশ ও কৃষিজমি রক্ষা করে নিজস্ব কয়লা উত্তোলনের জন্যেও পদক্ষেপ নেয়ার চিন্তা-ভাবনা করছে সরকার। বিবিসিকে মি. হামিদ বলেন, "আমাদের স্ট্রাকচার যেগুলো আছে সেগুলো নিয়ে আমরা কাজ করছি। আমাদের আরো ড্রিলিং করতে হবে এবং তার জন্য অর্থযোগানও দিতে হবে। অর্থটাও কিন্তু একটা বড় বিষয়। এবার ৪৬টা কূপ খনন করবো দুই বছরে। আরো একশ কূপ খনন করবো পঁচিশ সালের মধ্যে। তাতে আমি আশাবাদী যে দুই বছরের মধ্যে আমরা আরো ৫শ মিলিয়ন যোগ করবো। কিন্তু ডিমান্ডতো আরো বেশি। দেড় হাজার এমএমসিএফ।"

গ্যাস অনুসন্ধান এবং জ্বালানি পরিস্থিতি নিয়ে জ্বালানি মন্ত্রণালয় আশ্বাস দিচ্ছে ২০২৬ সাল থেকে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ সম্ভব হবে। বিশেষজ্ঞদের মতে তাৎক্ষণিক সংকট মেটাতে জ্বালানি আমদানি করা ছাড়া উপায় নেই তবে সেটিও নির্ভর করছে ডলারের মজুদ, বিশ্ব বাজারে দাম এবং দেশের আর্থিক সক্ষমতার উপর।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.১.২৪ রিহাব)

## ফেনী সীমান্তে ভারতীয় বানরের হানা, বিড়ম্বনায় কৃষক

"বানর তো অনেক আমনের, এই ধরেন হাজার খানেক বানর এক সাথে নামে। প্রতিদিন না হইলেও মানুষের খেতের বেগুন, লাউ, মিষ্টি-কুমড়া, বরবটি এসব গাছগুলা সব খাইয়া ফালায়। ওরা তো জালাও খায়, ধান খায়, সব খায়," নিজের ফসলি জমিতে বানরের হানায় ক্ষয়-ক্ষতির কথা জানাতে গিয়ে এই কথাগুলো বলছিলেন কৃষক আবুল বশর মজুমদার। তিনি ফেনীর ফুলগাজী উপজেলার দক্ষিণ পৈথরা গ্রামের বাসিন্দা। বাংলাদেশে সম্প্রতি ফেনী জেলার ফুলগাজী উপজেলার মুন্সিরহাট ইউনিয়নের সীমান্তবর্তী অন্তত পাঁচটি গ্রামে বানরের উৎপাত শুরু হয়েছে বলে জানা যাচ্ছে। এসব গ্রাম হচ্ছে পৈথারা, কামাল্লা, জামমুড়া, ফকিরের খিল এবং বদরপুর। প্রতিবেশী দেশ ভারত থেকে এসব বানর বাংলাদেশে আসছে। গত প্রায় মাসখানেক ধরে দলবদ্ধ এমন বানর দেখা যাচ্ছে বলে জানিয়েছেন স্থানীয়রা। তারা বলছেন, কয়েকশ থেকে শুরু করে হাজারের বেশি বানর তাদের এলাকার ফসলি জমিগুলোতে নেমে আসে। এরপর মৌসুমি বিভিন্ন ফসল নষ্ট করে কিছু সময় থেকে আবার চলে যায়। স্থানীয়দের মধ্যে অনেকে অবশ্য বলছেন, এবারই প্রথম এতো পরিমাণ বানর বাংলাদেশে এসেছে। এর আগে এতো বানর তারা দেখেননি।

জেলার বন বিভাগ বলছে, শীতকালে বনে খাবারের সংকট দেখা দেয়ার কারণে বানরগুলো সীমান্ত পার হয়ে বাংলাদেশে চলে আসছে। তবে এবারই প্রথম নয়, বরং প্রতি বছরই বানর ভারত থেকে বাংলাদেশে আসে। দুপুরের খাবারের পর বাড়ন্ত ইরি ধানের খেতে শ্রম দিয়ে সবে যখন বাড়ি ফিরেছেন দক্ষিণ পৈথারার বাসিন্দা আবুল বশর মজুমদার, তখনই কথা হয় তার সাথে। তিনি জানান, আরেকটু আগে-পরে হলে তাকে আর পাওয়া যেতো না। কারণ ইরি ধান চাষে তাকে স্বাভাবিকভাবেই ব্যস্ত সময় পার করতে হচ্ছে। সেই সাথে নতুন করে যুক্ত হয়েছে বানর। ভারতের সীমান্তের ভেতর থেকে দল বেঁধে বানর পাশের ফসলি জমিতে হানা দিচ্ছে বলে জানান তিনি। ভারতের সাথে মূল সীমান্ত পিলারের পাশেই তিন টুকরো জমি রয়েছে মি. মজুমদারের। এসব জমিতে ধান চাষ করেছিলেন তিনি। এরই মধ্যে তার সেই জমির কেটে রাখা ধান খেয়ে ফেলেছে বানর। আর তাই বানরের হাত থেকে ফসল রক্ষা করতে রীতিমতো পাহারা দিতে হচ্ছে তাকে। "গতকালও বেলা সাড়ে বারটার দিকে এখানে ছিল। এর পরে আমরা সাত-আটজন মিলে সেগুলারে তাড়ায়ে দিসি। পরে আর হয় নাই। মানুষ কাজ করে তো, সবার জালা খায়া ফালাইছে, সবাই তাড়া দিসে একসাথে।" তিনি বলেন, "দুই একজনরে ভয় পায় না, এই তিন চার জন মিলে লাঠি-সোটা নিয়ে বাইর হইলে ভয় পায়, না হইলে ভয় পায় না।" মুন্সিরহাট ইউনিয়নের মেম্বার শাহাদাত হোসাইন বলেন, প্রায় মাসখানেক হলো এতো বানর দেখা যাচ্ছে এলাকায়। আগে এগুলো ছিল না। মি. হোসাইন দাবি করেন, প্রায় হাজার দুয়েক বানর এবার এই এলাকাতে দেখা যাচ্ছে। এর আগে কখনো বানর দেখা যায়নি বলেও জানান তিনি। প্রতিদিনই সীমান্ত ঘেঁষা এলাকার কোথাও না কোথাও দেখা যায় এই বানরগুলোকে। "প্রতিদিনই আসে, এক দিক দিয়া, না তো আরেকদিক দিয়া। এখান দিয়া বর্ডার অনেক লম্বা তো। একেকদিন একেক জায়গায় নামে এগুলো," বলেন তিনি। "আজকে সকালে একজন আমাকে বললো যে, জামমুড়া গেছে এইগুলো। একেক টাইমে একেক জায়গাতে থাকে। কোনও ঠিক নাই।" তিনি বলেন, ভারতের ভেতরে যে বাসিন্দারা আছে তারা এগুলোকে তাড়িয়ে দেয়। এ কারণেই বানরগুলো সীমান্ত পার করে বাংলাদেশ অংশে ঢুকে পড়ে। "ওই দিকেও খেত-খামার করছে তো মানুষে, ওই দিক থিক্যাও তাড়ায়। তাড়াইলে এই দিকে চলে আসে বানর।" ভারত থেকে আসা এসব বানর শীতকালীন বিভিন্ন সবজি, মাল্টা ও ধানের চারা খেয়ে ফেলে বলে জানালেন স্থানীয় এই জনপ্রতিনিধি। "যত না খায়, তার চেয়ে বেশি নষ্ট করে এইগুলো। মানুষ নালিশ করে। পাহারা দিয়ে রাখতি পারে না। এক দুই জন লোক এরা ভয়ও পায় না।"

মুন্সিরহাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল আমিন ভূঞা বলেন, এই বানরগুলো কয়েক মাস পর পর ভারত থেকে আসে। তবে এই বানরের সংখ্যা বেশি থাকে না বলেও জানান তিনি।স্থানীয় সাংবাদিক দিলদার স্বপন বলেন, গত ১৬ই জানুয়ারি ওই এলাকায় গিয়েছিলেন তিনি। কামাল্লা, পৈথারাসহ আশপাশের চার-পাঁচটি গ্রামের সীমান্ত সংলগ্ন এলাকা ঘুরে দেখেছেন তিনি। এর মধ্যে একটি স্থানে গিয়ে কাঁটাতারের বেড়ার পাশে বেশ কিছু বানরের দেখা পান। "দেখলাম যে তারা কাঁটাতারের বেড়ার পাশে সভা করে লাইন ধরে বসে আছে। কুয়াশা ছিল। ঠান্ডার সময় আবার বেশি উৎপাত করে না, চুপচাপ বসে থাকে। আমি যেখানে দেখছি, সেখানে ১০০ এর বেশি হবে, বসা অবস্থায়।" স্থানীয় বিভিন্ন মানুষের সাথে কথা বলেছেন তিনি। মি. স্বপন বলেন, কৃষকরা তাকে জানিয়েছে যে, ধানের বীজতলার উপরের কয়েক ইঞ্চি বানর খেয়ে ফেলে। "ধানের বীজতলায় চারাগুলো থাকে চার ইঞ্চি বা ছয় ইঞ্চি। উপরের যদি তিন ইঞ্চি বানর খেয়ে ফেলে তাহলে তো আর কিছু থাকে না।" মি. স্বপন জানান, বেগুন, লাউ, শিমসহ শীতকালীন সবজি চাষ করেছেন এমন কৃষকদের সাথে কথা হয়েছে। তারা জানিয়েছেন, এসব বানর হঠাৎ করে ঝাঁক বেধে আসে। অনেক সময় দিনে দুই-তিন বারও আসে। আবার অনেক দিন আসেও না। "যেদিন আসে সেদিন একেকটা মাঠের ভেতর ঢোকে। এরপর যা পায়, কিছু খাইতেছে, কিছু ভাঙতেছে, মানে নষ্ট করে চলে যায়। খাওয়ার চেয়ে নষ্টটা বেশি করে। এটা নিয়ে আমরা খুবই কষ্ট করতেছি", কৃষকদের এভাবেই উদ্ধৃত করলেন মি. স্বপন।

স্থানীয় এই সাংবাদিক বলেন, ফসলের মাঠ ছাড়া বানর সাধারণত বাড়িতে তেমন একটা আসে না। তবে একটি বাড়িতে একটি বানরকে ধরে আটকে রাখার পর অন্য বানররা সেখানে হানা দিয়েছে বলে জানতে পেরেছেন তিনি। স্থানীয় বাসিন্দারা এসব বানরকে আঘাত করছে না। কারণ বন বিভাগের কর্মকর্তারা তাদেরকে বুঝিয়েছেন যে, বানর মারা যাবে না। তবে স্থানীয়দের মধ্যে বানরের এই হানা নিয়ে বেশ ক্ষোভ রয়েছে বলে জানালেন মি. স্বপন। স্থানীয় সাংবাদিক দিলদার স্বপন বলেন, স্থানীয়রা বলছেন, ভারতের অংশে বানরের উৎপাত বেড়ে যাওয়ার কারণে সেখান থেকে বানর ধরে সীমান্তের কাছে বনাঞ্চলে অবমুক্ত করা হয়েছে। কিন্তু এই বনে পর্যাপ্ত খাবার না থাকার কারণে বানরগুলো বাংলাদেশ অংশ লোকবসতির মধ্যে চলে আসছে। তিনি বলেন, ভারতের যে অংশে বন রয়েছে তার আশপাশে লোক বসতি কম। ফলে সেখানে খুব একটা খাবার পাচ্ছে না বানরগুলো। যার কারণে এগুলো বাংলাদেশ অংশে চলে আসছে। কারণ এই অংশে নানা ধরনের ফসল রয়েছে।

ফেনী জেলার বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা বাবুল চন্দ্র ভৌমিক বলেন, সীমান্ত এলাকায় বানর আসার খবর জেনেছেন তিনি। এসব বানরের বাস মূলত ভারতের সীমান্তের ভেতরে থাকা রাবার বাগান ও এর আশপাশের বনাঞ্চল। তবে সীমান্ত এলাকা হওয়ার কারণে ভারত থেকে এসব বানর বাংলাদেশে ঢুকে পড়ছে। মূলত খাদ্যের অভাব থাকার কারণেই এই বানরগুলো আসছে বলে জানান তিনি। "এদিকে কিছু সবজি-টবজি করে তো, কুমড়া-টুমরা, লাউ-টাউ, এটা খাওয়ার জন্য আসে।" প্রতিবছরই শীতকালে খাবারের সন্ধানে বানর এই এলাকায় আসে। এবারই প্রথম এসেছে

বিষয়টা তেমন নয় বলে জানালেন মি. ভৌমিক। "এটা স্বাভাবিক একটা প্রক্রিয়া, এখানে অস্বাভাবিক কিছু নাই। আমাদের একটা রিজার্ভ ফরেস্ট আছে, ওখানে প্রায়ই আসে দুইশ-একশ।" মি. ভৌমিক বলেন, বনাঞ্চল ধ্বংস করে দেয়ার কারণেই এসব প্রাণী লোকালয়ে চলে আসছে। কারণ তাদের খাবারের প্রাকৃতিক উৎসগুলো মানুষ নষ্ট করে ফেলেছে। "এরা তো বন্য প্রাণী। মানুষ তার (বানরের) খাবার নষ্ট করে দিয়েছে, তার বাসস্থান নষ্ট করে দিয়েছে, তার আবাসস্থল নষ্ট করে দিয়েছে, এখন সে মানুষেরটা খাচ্ছে।" (বিবিসি ওয়েব পেজ : ১৯.১.২৪ রিহাব)

# ভয়েস অব আমেরিকা

## কোনো রকম দুর্নীতি মেনে নেবো না : স্বাস্থ্যমন্ত্রী

দুর্নীতি করলে কেউ রেহাই পাবে না বলে হুঁশিয়ার করেছেন বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, আমি নিজে দুর্নীতি করি না আমি দায়িত্বে থাকা অবস্থায় কোনো রকম দুর্নীতি মেনে নেবো না। এছাড়া দুর্নীতি করে কেউ রেহাই পাবে না। শুক্রবার (১৯ জানুয়ারি) সকালে নারায়ণগঞ্জের সোনারগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সাংবাদিকরা স্বাস্থ্যমন্ত্রীকে তার মন্ত্রণালয়ের দুর্নীতিসহ নানা বিষয়ে প্রশ্ন করেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, হঠাৎ করে দুর্নীতি বন্ধ করা কঠিন। তবে আপনারা আস্থা রাখুন বলেন সামন্ত লাল সেন। তিনি আরো বলেন, আমি সারাজীবন দুর্নীতি করিনি, আর ভবিষ্যতেও করবো না। দুর্নীতি আমি মেনে নেবো না এবং দুর্নীতি করে কেউ রেহাই পাবে না। পরিদর্শনকালে হাসপাতালে ভর্তি রোগীদের সঙ্গে কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী এবং তাদের চিকিৎসার খোঁজ খবর নেন। এর আগে, সকাল ১০টায় স্বাস্থ্যমন্ত্রী সোনারগাঁওয়ের শ্রী শ্রী লোকনাথ মন্দির আশ্রমে যান এবং আশ্রমে উপস্থিত ধর্মীয় নেতাদের সঙ্গে কথা বলেন ও প্রার্থনায় অংশ নেন।
(ভোয়া ওয়েব পেজ: ১৯.০১.২০২৪ রুবাইয়া)

## বিএনপি এখন বড় সহিংসতার জন্য শক্তি সঞ্চয় করছে : ওবায়দুল কাদের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন যে বিএনপি নির্বাচনে অংশ না নেয়া ছিলো দেশের সার্বভৌমত্বের বিরুদ্ধে ষড়যন্ত্রের অংশ। নির্বাচনের পরও বিএনপির নেতৃত্বে চিহ্নিত অপশক্তি নির্বাচন বিতর্কিত করার অপচেষ্টা করছে বলে উল্লেখ করেন ওবায়দুল কাদের। তিনি বলেন, তারা এখন শক্তি সঞ্চয় করছে বড় ধরনের সহিংসতার জন্য। শুক্রবার (১৯ জানুয়ারি) আওয়ামী লীগের ধানমন্ডি কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ কথা বলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। অগণতান্ত্রিক পন্থায় অনির্বাচিত কাউকে ক্ষমতায় বসাতে দেশি-বিদেশি অপতৎপরতা ছিলো। আর এখন নেই সে কথাও বলা যায় না যোগ করেন ওবায়দুল কাদের। তিনি উল্লেখ করেন শেখ হাসিনা প্রমাণ করেছেন নির্বাচিত সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠান সম্ভব। বিএনপি এই নির্বাচনে অংশ নিলে তা আরো প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হতো। তবে তাদের অনুপস্থিতিতে নির্বাচন ভোটারশূন্য ও প্রতিদ্বন্দ্বিতাহীন হয়নি বলেন ওবায়দুল কাদের। বিএনপির বর্তমান অবস্থানকে নীরবতা বলে উল্লেখ করেন ওবায়দুল কাদের। তিনি বলেন, তারা এখন শক্তি সঞ্চয় করছে বড় ধরনের সহিংসতার জন্য। তিনি আরো বলেন, বিএনপির প্রতি নতুন করে আর কোনো আহ্বান নেই আ্ওয়ামী লীগের পক্ষ থেকে। তারা নেতিবাচক রাজনীতি থেকে ইতিবাচক রাজনীতিতে ফিরে আসুক এটাই চাই বলেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। তিনি জানান যে দেশের সমস্যা নিয়ে এখন শেখ হাসিনা সরকারের সব ভাবনা। পেছনে ফেলে আসা সংকট নিয়ে সময় ক্ষেপণ করার সময় সরকারের নেই।

## রাজপথে আন্দোলন চালিয়ে যাবে বিএনপি : মঈন খান

এদিকে, বাংলাদেশ জাতীয়তাবাদী দল, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) বলেছেন, গণতন্ত্র ও মানুষের ভোটাধিকার ফিরিয়ে আনতে তাদের দল রাজপথে আন্দোলন চালিয়ে যাবে। তিনি বলেন, আমাদের সংগ্রাম গণতন্ত্র পুনরুদ্ধার করা। গণতন্ত্র বলতে শান্তিপূর্ণ নিয়মতান্ত্রিক সমাজ ব্যবস্থাকে বোঝায়। তাই নীতিগতভাবে সেই গণতন্ত্র পুনরুদ্ধারের সংগ্রাম হতে হবে শান্তিপূর্ণ ও নিয়মতান্ত্রিক। মঈন খান বলেন, রাস্তায় সরকারের বন্দুক ও গুলি মোকাবেলায়, নিরস্ত্র জনগণকে সঙ্গে নিয়ে নিয়মতান্ত্রিক ও শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাবেন তারা। এভাবে আমরা এই সরকারকে পরাজিত করবো। আজকের এই দিনে আমরা এই শপথ নিই। আমরা বাংলাদেশে গণতন্ত্র ফিরিয়ে আনবো এবং এদেশে জনগণের সরকার প্রতিষ্ঠা করবো বলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মঈন খান। জনগণই বিএনপির শক্তি উল্লেখ করে আবদুল মঈন খান বলেন, বন্দুকের নল, বুলেটের শক্তি, কাঁদানে গ্যাসের শক্তি, জলকামানের শক্তি বা এই সরকারের যত ক্ষমতাই থাকুক না কেন জনগণের সেই শক্তি দিয়ে বিএনপি বর্তমান অবৈধ দ্বিতীয় বাকশাল সরকারকে ক্ষমতাচ্যুত করবে। বাংলাদেশে গণতন্ত্র নেই দাবি করে তিনি বলেন, চূড়ান্ত সফলতা পেতে হয়তো দীর্ঘ সময় লাগতে পারে, কিন্তু তারা গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা এবং জনগণের ভোটাধিকার ও অন্য অধিকার প্রতিষ্ঠার জন্য রাজপথের আন্দোলন থেকে বিচ্যুত হবেন না।
(ভোয়া ওয়েব পেজ: ১৯.০১.২০২৪ রুবাইয়া)

## সংসদ নির্বাচন নিয়ে টিআইবির বক্তব্য জনমতের প্রতিফলন : নজরুল ইসলাম খান

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) বক্তব্যকে জনমতের প্রতিফলন বলে উল্লেখ করেছে বিএনপি। শুক্রবার (১৯ জানুয়ারি) বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের

মাজারে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান এ কথা বলেন। তিনি জানান যে বিএনপি দেশের জনগণকে সঙ্গে নিয়ে, নতুন কর্মসূচি দেবে এবং আন্দোলনের মাধ্যমে বর্তমান সরকারের পতন ঘটিয়ে গণতন্ত্র পুনরুদ্ধার করবে। জাতীয় সংসদ নির্বাচন নিয়ে টিআইবির বক্তব্যের বিরোধিতা করে মন্ত্রীদের দেয়া বক্তব্যের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে নজরুল ইসলাম খান বলেন, কে বলেছে এই নির্বাচন সুষ্ঠু হয়েছে? সবাই বলেছে, নির্বাচন সুষ্ঠু হয়নি। সুতরাং টিআইবি যা বলেছে তা জনমতের প্রতিফলন। নির্বাচন নিয়ে বিএনপি যা বলছে তাও জনমতের প্রতিফলন বলে উল্লেখ করেন বিএনপির এই স্থায়ী কমিটির সদস্য। তিনি বলেন, তাই বিএনপির পছন্দ অনুযায়ী টিআইবি এটা (নির্বাচন সুষ্ঠু হয়নি) বলেনি। তারা যা বলেছে তা বাস্তবতা। গত ৭ জানুয়ারি অনুষ্ঠিত নির্বাচন প্রত্যাখ্যান করে দেয়া দেশি-বিদেশি সংগঠনগুলোর মতামতের প্রশংসা করেন নজরুল ইসলাম খান। নিরপেক্ষভাবে বলতে গেলে, বাংলাদেশের জনগণের পক্ষে যারা কথা বলবেন আমরা তাদের স্বাগত জানাবো। আমরা কী বলি সেটা গুরুত্বপূর্ণ, মানুষ কী বলছে সেটা গুরুত্বপূর্ণ যোগ করেন তিনি। দেশের জনগণ বর্তমান আওয়ামী লীগ সরকারের স্বৈরাচার পছন্দ করে না বলে উল্লেখ করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান।
(ভোয়া ওয়েব পেজ: ১৯.০১.২০২৪ রুবাইয়া)

### শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন তুরস্ক ও মালয়েশিয়াসহ আট দেশের নেতারা

টানা চতুর্থবার বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন আরো আট দেশের নেতারা। দেশগুলো হলো সংযুক্ত আরব আমিরাত (ইউএই), কাতার, মিসর, লুক্সেমবার্গ, তুরস্ক, সিঙ্গাপুর, মালয়েশিয়া ও ব্রাজিল। দেশগুলোর নেতারা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন বার্তা পাঠিয়েছেন বলে শুক্রবার প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে জানানো হয়েছে। প্রেস উইং জানিয়েছে যে তুরস্কের প্রেসিডেন্ট রিজেপ তাইয়্যেপ এরদোয়ান এক অভিনন্দন বার্তায় বাংলাদেশের সাধারণ নির্বাচনের পর আবার প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। বার্তায় তিনি বলেছেন ঐতিহাসিক ও সাংস্কৃতিক বন্ধনের ভিত্তিতে আমাদের দু'দেশের মধ্যকার সম্পর্ক আপনার নতুন মেয়াদে আরো গভীর ও জোরদার হবে বলে আমি আত্মবিশ্বাসী। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম এক শুভেচ্ছা বার্তায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। বার্তায় তিনি বলেছেন, ঐতিহাসিক ও সাংস্কৃতিক বন্ধনের ভিত্তিতে আমাদের দু'দেশের মধ্যকার সম্পর্ক আপনার নতুন মেয়াদে আরো গভীর ও জোরদার হবে বলে আমি আত্মবিশ্বাসী। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম এক শুভেচ্ছা বার্তায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। আনোয়ার ইব্রাহিম বলেন, প্রধানমন্ত্রী হিসেবে আপনি এক দশকেরও বেশি সময় ধরে শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধির মধ্য দিয়ে, উল্লেখযোগ্যভাবে আপনার দেশ পরিচালনা করেছেন এবং বাংলাদেশ এশিয়ার অন্যতম সাফল্যের গল্প হিসেবে আবির্ভূত হয়েছে। আনোয়ার ইব্রাহিম আরো বলেন, “বাংলাদেশের সঙ্গে উষ্ণ ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ককে মূল্য দেয় মালয়েশিয়া।” তিনি উল্লেখ করেন, দুই দেশের অভিন্ন মূল্যবোধের ভিত্তিতে বিরাজিত ঘনিষ্ঠ সম্পর্ক উভয় দেশের জনগণকে ব্যাপকভাবে উপকৃত করেছে। মিশরের প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ আল সিসি তার শুভেচ্ছা বার্তায়, নতুন মেয়াদে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে শুভেচ্ছা জানিয়েছেন। আবদেল ফাত্তাহ বলেন, মিশর ও বাংলাদেশের বন্ধুত্ব ও সহযোগিতার দীর্ঘ ইতিহাস রয়েছে। দু'দেশের জনগণের পারস্পরিক স্বার্থে আগামী বছরগুলোতে দ্বিপক্ষীয় সম্পর্ক সম্প্রসারণ অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন তিনি। শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ব্রাজিলের প্রেসিডেন্ট লুইজ ইনাসিও লুলা দা সিলভা। শান্তি ও সমৃদ্ধির জন্য ব্রাজিল সব সময় বাংলাদেশ অবিচল অংশীদার থাকবে বলে আশ্বাস দেন লুলা দা সিলভা। পৃথক চিঠিতে, কাতারের প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ বিন আবদুল রহমান বিন জসিম আল-থানি, সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুং, সংযুক্ত আরব আমিরাতের ভাইস প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও দুবাইয়ের শাসক শেখ মোহাম্মদ বিন রশিদ আল মাকতুম, লুক্সেমবার্গের উপ-প্রধানমন্ত্রী জেভিয়ার বেটেল শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন।
(ভোয়া ওয়েব পেজ: ১৯.০১.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### দলীয় সরকারের অধীনে নির্বাচন সুষ্ঠু করা সম্ভব, যা প্রমাণিত : ওবায়দুল কাদেরের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, শেখ হাসিনা প্রমাণ করেছে নির্বাচিত সরকারের অধীনে একটি সুষ্ঠু সুন্দর ও গ্রহণযোগ্য নির্বাচন করা সম্ভব। অনেক দেশে চল্লিশ শতাংশের উপরে ভোটের হার দেখা যায় না বলেও দাবি করেন তিনি। আরো জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি :
অনেক দেশেই ৪০ শতাংশের উপর ভোটের হার দেখা যায় না বলে মন্তব্য করেছেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। আজ শুক্রবার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে এ মন্তব্য করেন তিনি। ওবায়দুল কাদের বলেন, শেখ হাসিনা প্রমাণ করেছেন, নির্বাচিত সরকারের অধীনেই একটি সুষ্ঠু, সুন্দর ও গ্রহণযোগ্য নির্বাচন করা সম্ভব। বিএনপি এই নির্বাচনে অংশ নিলে, নির্বাচন আরও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হতো বলেও মনে করেন তিনি। তবে তাদের অনুপস্থিতিতেও ভোটার শূন্য ও প্রতিদ্বন্দ্বিতাহীন হয়নি বলে দাবী আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, (স্বকণ্ঠে) : পৃথিবীর অনেক দেশেই সব দলের অংশগ্রহণের পরেও এই চল্লিশের

উপরে ইলেকশনে টার্ন আউট পয়সা দিলেও হয় না। এদিকে, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বলেছেন, বাংলাদেশে গণতন্ত্র আজ মৃতপ্রায়, এখানে মানুষের কোন মৌলিক অধিকার নেই, (স্বকণ্ঠে) : বিএনপি লগি-বৈঠার রাজনীতিতে বিশ্বাস করে না। আওয়ামী লীগ আমরা শান্তিপূর্ণ নিয়মতান্ত্রিক, গণতান্ত্রিক রাজনীতিতে বিশ্বাসী এবং আমাদের যে কর্মসূচি সেটি চলমান রয়েছে এবং এই চলমান কর্মসূচি আমরা সম্পূর্ণ শান্তিপূর্ণ, নিয়মতান্ত্রিক উপায়ে অব্যাহত রাখব। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৯.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## বন্ধ হচ্ছে না চাল নিয়ে চালবাজি, আবার বেড়েছে মুরগী ও গোরুর মাংসের দাম

বাংলাদেশের বাজারে চাল, ডাল-তেল এবং মাছ-মাংসসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বেড়েই চলেছে এ সম্পর্কে প্রতিবেদন রয়েছে আমাদের ঢাকার বিশেষ প্রতিনিধির :

বাজারে চাল-ডাল-তেল এবং মাছ-মাংস-সজিসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের পাগলা ঘোড়া যেনো ছুটেই চলেছে। লাগাম টানতে সরকারের প্রধানমন্ত্রী ও মন্ত্রীদের নির্দেশনার প্রতিফলন বাজারে প্রভাব ফেলতে পারেনি এমন অভিযোগ ক্রেতাদের। আমন মৌসুম শেষ হওয়ার পরপরই চালের দামে অস্থিরতায় হতবাক করেছে পাইকারি ও খুচরা বিক্রেতাদেরকেও। গত এক সপ্তাহ ধরে চড়া সব ধরনের চালের বাজার। দ্বাদশ সংসদ নির্বাচনের পর থেকে দাম বেড়েই চলেছে। মিনিকেটের দাম বেড়েছে কেজিতে প্রতি কেজিতে ৮ টাকা এবং বস্তায় চারশো টাকা পর্যন্ত। অন্যান্য চালে প্রকারভেদে বেড়েছে বস্তায় দু'শো থেকে তিনশো টাকা। রাজধানীর চাল ব্যবসায়ীরা এজন্য মিলার এবং সিন্ডিকেটকে দায়ী করছেন।

জনৈক ব্যক্তি-১ (স্বকণ্ঠে) : প্রতি বস্তা চাউলে ২০০ থেকে ৩০০ টাকা বেশি।

জনৈক ব্যক্তি-২ (স্বকণ্ঠে) : বাড়ার কারণ একমাত্র মিলাররা বলতে পারেন। মিলাররা সিন্ডিকেট করে দাম বাড়াইছে।

এমন পরিস্থিতিতে রাজধানীর বিভিন্ন বাজার মনিটরিংয়ে ব্যস্ত আছে খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা। তাদেরই একটি টিম আজ আসার পরে চিত্র পাল্টে যায় কারওয়ান বাজারের চালের বাজারে। দোকানিরা গদি ছেড়ে কেটে পড়ছেন অনেকে। খাদ্য মন্ত্রণালয়ের উপ সচিব কৃল প্রদীপ চাকমা বলছেন, ব্যবসায়ীদের ওয়াদা অনুযায়ী দাম কমাতে সময় দিতে চান তারা, (স্বকণ্ঠে) : আমরা আরো দুই দিন হয়তো অবজারভেশন করব। ব্যবসায়ীরা যদি পূর্বাবস্থায় ফিরে না যায় তাহলে আমাদের যে আইন, খাদ্যের যে মজুদ, খাদ্যের উৎপাদনে যে আইনটা আছে আমরা এটা প্রয়োগ করতে যাব।

এদিকে, রমজানকে সামনে রেখে বেড়েছে ছোলা ও ডালের দামও। প্রতি কেজি ছোলা ১১০ থেকে ১২০ টাকা এবং দেশি মশুরডাল ও চিনি বিক্রি হচ্ছে ১৪০ টাকা করে। ভোজ্য তেলের দামেও সস্তি নেই। বাজারে প্রতি লিটার বোতলজাত সয়াবিন বিক্রি হচ্ছে ১৭৫ টাকায়। একইভাবে বেড়েছে মাছ, ব্রয়লার মুরগি এবং মাংসের দামও। নির্ধারিত ৬৫০ টাকার গোরুর মাংস বিক্রি হচ্ছে ৭০০ থেকে ৭৫০ টাকায়।

জনৈক ব্যক্তি-১ (স্বকণ্ঠে) : মাংস খাইতাম ৭০০ টাকা কেজি, খাব কেমনে!

জনৈক ব্যক্তি-২ (স্বকণ্ঠে) : আমরা কিনতেও পারি না, খাইতেও পারি না। আমরা কী করুম,আমরা গরীব মানুষ, হাফ কেজি কিনছি।

এদিকে, ভরা মৌসুমেও মধ্যবিত্ত- নিম্ন মধ্যবিত্তের নাগালে আসেনি সবজির দাম ।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৯.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# ডয়চে ভেলে

## দ্রব্যমূল্যে স্বস্তি ফেরানো সরকারের সামনে বড় চ্যালেঞ্জ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন শেষে সরকার গঠন করা হয়েছে এক সপ্তাহ আগে। এ সময়ে মানুষের মধ্যে দ্রব্যমূল্য নিয়ে স্বস্তি ফেরানোটা আরো বড় চ্যালেঞ্জ হয়ে উঠেছে বলে মনে করছেন বিশ্লেষকরা। সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবীর ডয়চে ভেলেকে বলেন, "অভ্যন্তরীণ সংকট কাটাতে সর্বপ্রথম উদ্যোগ নিতে হবে। দেশে অস্থিরতা থাকলে বাইরের সংকট কাটবে না। আর বাইরের সংকট না কাটলে ডলার সংকট কাটবে না। ডলার সংকট না কাটলে দেশি, বিদেশি কেউ বিনিয়োগে আগ্রহী হবেন না। বিনিয়োগ না হলে অর্থনৈতিক সংকট থেকে যাবে। ফলে আমাদের নিজেদের আগে ঠিক হতে হবে। সরকারের উচিত হবে এই ধরনের অস্থিরতা নিরসনে মনোযোগ দেওয়া।"

নির্বাচনের পর ভারত, চীন ও রাশিয়া সরকারকে অভিনন্দন জানিয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য নির্বাচন গ্রহণযোগ্য হয়নি দাবি করে বিবৃতি দিলেও নতুন সরকারের সঙ্গে কাজ করার আগ্রহ দেখিয়েছে। বুধবার মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করে নতুন সরকারের সঙ্গে সম্পর্কন্নোয়নের কথা বলেছেন। পাশাপাশি ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতও একই ধরনের আগ্রহ দেখিয়েছেন। এর ফলে কূটনৈতিক সংকট কিছুটা হলেও কমে এসেছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। তবে পশ্চিমাদের সঙ্গে সম্পর্কন্নোয়নের চেষ্টা করতে হবে বলে মনে করেন তারা।

অর্থনৈতিক সংকটকে এত বড় করে দেখার কারণ জানতে চাইলে বিশ্ব ব্যাংকের বাংলাদেশ আবাসিক মিশনের সাবেক মুখ্য অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন ডয়চে ভেলেকে বলেন, "গত দুই বছর ধরে আমাদের অর্থনীতিটা ভঙ্গুর অবস্থায় আছে। মূল্যস্ফীতি কোনোভাবেই নিয়ন্ত্রণে রাখা যাচ্ছে না। ডলার সংকট কিছুতেই কাটছে না। এর ফলে ব্যবসা-বাণিজ্য

সবখানেই এর প্রভাব পড়ছে। আর অর্থনীতি ভালো না থাকলে কোনো কিছুই ভালো থাকবে না। এইসব কারণে অর্থনীতিকেই সবচেয়ে বড় চ্যালেঞ্জ হিসেবে দেখা হচ্ছে।"

দ্রব্যমূল্য নিয়ে দেশের মানুষের অসন্তুষ্টি অনেক দিনের। যত দিন যাচ্ছে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে। এই পরিস্থিতিতে বাজার নিয়ন্ত্রণে সরকারের কার্যকর পদক্ষেপ দেখতে চান সাধারণ মানুষ। আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহারেও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের কথা বলা হয়েছে। নতুন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল হক টিটু সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর হুশিয়ারি দিয়েছেন। আসন্ন রোজায় তিনি এর প্রভাব দেখতে চেয়েছেন। নির্বাচনের পরপরই চালের দাম হঠাৎ বেড়ে যাওয়ার ঘটনায় বড় মিল মালিক ও কর্পোরেট কোম্পানিকে দায়ী করে আমদানির সুযোগ চেয়েছেন পাইকারি ব্যবসায়ীরা। তাদের বক্তব্য শুনে নতুন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন, "সরকার বড় কোম্পানিগুলোকে সুবিধা দিয়েছিল কম দামে চাল প্রাপ্তির আশায়। কিন্তু এর সুফল মেলেনি। তারা 'সত্যিকারের ব্যবসায়িক আচরণ'না করলে চাল আমদানির অনুমতি দেওয়া হবে।" বৃহস্পতিবার মোহাম্মদপুর সরকারি কৃষি পণ্যের পাইকারি বাজার ব্যবসায়ী সমিতির সভাকক্ষে ব্যবসায়ীদের সঙ্গে প্রতিমন্ত্রীর এই মত বিনিময়ের আয়োজন করে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শান্তনু মজুমদার ডয়চে ভেলেকে বলেন, "দ্রব্যমূল্যটাই মানুষের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ। এখানে সরকারকে কার্যকর পদক্ষেপ নিতে হবে। পাশাপাশি সামনে যে স্থানীয় সরকার নির্বাচন, সেগুলো অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে হবে। বিশেষ করে যে প্রতিষ্ঠানগুলো আছে, সেগুলো যাতে স্বাধীনভাবে কাজ করতে পারে সেই উদ্যোগ নিতে হবে নতুন সরকারকে। আমি মনে করি, আমাদের ব্যাংকিং সেক্টর নিয়ে অনেক কথা আছে। এই সেক্টরকে সঠিক পথে আনতে সরকারকে উদ্যোগী হতে হবে। এটা যদি করা যায়, তাহলে একটা গুরুত্বপূর্ণ মাইলফলক হবে। যদিও কাজটা কঠিন। পাশাপাশি টাকা পাচার হয়েছে বলে আলোচনা হয়। এখানেও মনোযোগ দিতে হবে।" অর্থনীতিবিদরা অনেকদিন ধরেই বলছেন, ব্যাংকিং সেক্টর ধ্বংসের পথে। টাকা পাচারের কারণে এখন অনেকগুলো ব্যাংক দেউলিয়া হওয়ার পথে। তারল্য সংকটে ভুগছে অনেক ব্যাংক। বিশেষ করে সরকারি ব্যাংকগুলোতে খেলাপি ঋণ বেড়েই চলেছে। এটা নিয়ন্ত্রণে সরকার কার্যকর পদক্ষেপ নিচ্ছে না বলে অভিযোগ অনেকের। এ প্রসঙ্গে পলিসি রিসার্চ ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক অর্থনীতিবিদ আহসান এইচ মনসুর ডয়চে ভেলেকে বলেন, "অর্থনীতি নিয়ে মূলত উদ্বেগের প্রধান কারণ ছিল আমাদের রিজার্ভ এমনভাবে কমছিল, তাতে শঙ্কা জাগাটা স্বাভাবিক ছিল।" আগে অর্থনীতিবিদদের অনেকেই বলেছিলেন, নির্বাচন পর্যন্ত রিজার্ভ ১৫ বিলিয়ন ডলারের উপরে থাকলে সংকট উত্তরণ সম্ভব হবে। রিজার্ভ তো এখন সেই পর্যায়েই আছে, তাহলে সমস্যা কী? জবাবে তিনি বলেন, "এটা ভালো ইন্ডিকেটর। মূল্যস্ফীতি কমাতে হলে আমাদের রিজার্ভ বাড়াতে হবে। পাশাপাশি ডলার সংকট না কাটলে জিনিসপত্রের দামও কমবে না। তবে এই কাটাতে কারো উপর নির্ভরশীল হওয়া ঠিক হবে না। নিজেদের উপর আস্থা রাখতে হবে। নিজেদেরই সংস্কারে উদ্যোগ নিতে হবে।" বিশ্লেষকদের অনেকেই বলছেন, গার্মেন্টস সেক্টরে মাঝে মধ্যে যে অস্থিরতা দেখা যায়, সেটা নিয়ন্ত্রণে রাখাও সরকারের আরেকটা চ্যালেঞ্জ হবে। তবে এমিরেটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী ডয়চে ভেলেকে বলেন, "আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো রাজনীতি। রাজনীতি ঠিক হলে সবকিছুই ঠিক হয়ে যাবে। সেটা অর্থনীতি বলেন আর শ্রমনীতি বলেন। বিদেশিরা কী বলছে, সেটা নয়, আমাদের নিজেদের স্বার্থেই রাজনীতিটা ঠিক করা প্রয়োজন।" (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৯.১.২৪ রিহাব)

## ঢাকা; যেথায় ঝুঁকি এড়িয়ে যায় না থাকা

দেড় কোটিরও বেশি মানুষের শহর ঢাকায় কিছু মৃত্যু চরম এক সত্যের মুখোমুখি করে বারবার, অপঘাতে প্রাণ হারানোরা যেন বলে যান- রাজধানী জুড়ে পাতা শত মৃত্যুফাঁদ। সাবধান! ঢাকায় আমরা প্রায়ই আগুনে পুড়ে মারা যায় মানুষ। কখনো কখনো ভবনে ঘটে বিস্ফোরণ। গ্যাস লাইন, সুয়ারেজ লাইন, ওয়াসার পানির লাইন সব লাইনই যেন বিস্ফোরণমুখ। গাড়ির গ্যাস সিলিন্ডারেও সব সময় ভরসা রাখা দায়। এসবের পাশাপাশি সড়ক দুর্ঘটনা, নির্মাণাধীন ভবনের ছাদ থেকে ইট পড়া ইত্যাদি তো আছেই। আয়তন অনুপাতে বিশ্বের অন্যতম জনবহুল শহর ঢাকায় নির্মাণ শ্রমিকরা সব সময় কাজ করেন কার্যত প্রাণটা হাতে নিয়ে। উঁচু ভবন থেকে পা ফসকে পড়ে কত শ্রমিক মারা যান তার হিসাব কে রাখে! দূষিত বায়ুর এ শহর একটু বৃষ্টিতেই জলবন্দি, সেই জল বিদ্যুতায়িত হলে হয়ে যায় মৃত্যুফাঁদ। কখনও গাছের মরা ডাল ভেঙে পড়ে পথচারীর মাথায়। একটু অসতর্কতায় ঢাকনা খোলা ম্যানহোলেও বিপর্যয় নামে কত জনের জীবনে। রেলক্রসিংয়ে ট্রেন ধাক্কা দিচ্ছে যানবাহনকে। ঘরে-বাইরে কোথায় স্বাভাবিক মৃত্যুর নিশ্চয়তা পায় মানুষ?

খুলনার মেয়ে দীপু সানা বাংলাদেশ ব্যাংকের সদরঘাট শাখার সহকারি পরিচালক হিসেবে কর্মরত ছিলেন। ১০ জানুয়ারি বিকেলে কর্মস্থল থেকে অফিসের বাসে রওনা দিয়ে শান্তিনগরে নামেন। এরপর হেঁটে মগবাজারের গাবতলার বাসায় ফিরছিলেন। মৌচাক উড়ালসড়কের নিচ দিয়ে হেঁটে আসার সময় ফখরুদ্দিন রেস্টুরেন্টের পাশে উপর থেকে ইট পড়ে তার মাথার ওপর। ঘটনাস্থলেই মারা যান তিনি। দীপুর মৃত্যুর ঘটনায় একটি হত্যা মামলা করেছেন তার স্বামী প্রকৌশলী তরুণ কুমার বিশ্বাস। ডয়চে ভেলের সঙ্গে আলাপকালে তিনি বলছিলেন, "ইটটা কোথা থেকে এসেছে তা এখনো পুলিশ শনাক্ত করতে পারেনি। আমরা পুলিশের দিকে তাকিয়ে আছি সঠিক বিচারের আশায়। এখন পর্যন্ত পুলিশ

কোনো তথ্যই দিতে পারেনি। এই বয়সে, এভাবে দীপুকে চলে যেতে হবে সেটা আমরা ভাবতেও পারি না। ছোট্ট ছেলেটাকে নিয়ে এখন খুলনায় আছি। রাতে ছেলেটা ঘুমাচ্ছে না। কাল রাতে একটুও ঘুমায়নি। সকাল ৮টায় ঘুমিয়েছে।" কথা বলতে কলতে কণ্ঠ ভারী হয়ে ওঠে, এক পর্যায়ে নিজেকে সামলাতে না পেরে কেঁদে ফেলেন দীপুর স্বামী তরুন। উপর থেকে ইট পড়ে মৃত্যু এই প্রথম নয়। ২০২২ সালের ৩০ মে মিরপুর সাড়ে ১১ নম্বরে ইসলামী ব্যাংক হাসপাতালের সামনে মেট্রোরেল স্টেশনের উপর থেকে ইট পড়ে সোহেল তালুকদার নামের এক জুয়েলারি কর্মীর মৃত্যুর খবরও সবাইকে নাড়িয়ে দিয়েছিল। এমন মৃত্যু সম্পর্কে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের দুর্ঘটনা রিসার্চ ইনষ্টিটিউটের সাবেক পরিচালক অধ্যাপক ড. হাদিউজ্জামান ডয়চে ভেলেকে বলেন, "সরকারের বিভিন্ন জায়গায় অযোগ্য, অদক্ষ ও দুর্নীতিবাজদের কারণে এই পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ঢাকা শহরের ব্যবস্থাপনা বলতে গেলে পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। একটা শহরে কত ধরনের কর্তৃপক্ষ আছে। কেউ দায়িত্ব নিয়ে কাজটা করছে না। তিতাস, রাজউক, ওয়াসা, পুলিশ, বিআরটিএ, পরিবেশ অধিদপ্তর যাদের যা দায়িত্ব তারা তা পালন করছে না। সবাই ব্যস্ত নতুন নতুন প্রকল্প নিতে। কারণ সেখানে আছে টাকা। দরদ দিয়ে যে বিষয়গুলো দেখভালের কথা, সেটা কেউ করছে না। ফলে দিন দিন শহরটি বসবাসের অযোগ্য হয়ে উঠেছে।"

রাজধানীর উত্তরায় বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্পের গার্ডার চাপায় ৫ জনের মৃত্যু হয় ২০২২ সালের আগস্টে। বৌভাত খেয়ে প্রাইভেট কারে নবদম্পতিকে নিয়ে বাড়ি ফিরছিলেন স্বজনরা। উত্তরার জসীম উদ্দীন মোড় সংলগ্ন সড়কে বিআরটি প্রকল্পের গার্ডার পড়ে তাদের মৃত্যু হয়। প্রাইভেট কারে ৭ আরোহীর মধ্যে শুধু বেঁচে যান বর হৃদয় (২৬) ও নববধূ রিয়া মনি (২১)। প্রাইভেটকারে ছিলেন হৃদয়ের বাবা রুবেল (৬০), হৃদয়ের শাশুড়ি ফাহিমা (৪০), রিয়া মনির খালা ঝরনা (২৮), ঝরনার দুই সন্তান জান্নাত (৬) ও জাকারিয়া (২)। ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়। এই ঘটনায় উত্তরা পশ্চিম থানায় একটা মামলা হয়। মামলার বাদি নববধূ রিয়া মনির মামা মো. আফরান মণ্ডল বাবু ডয়চে ভেলেকে বলেন, "ঘটনার পরপর বিআরটি প্রকল্পের কর্মকর্তাদের ব্যাপক তোড়জোর ছিল। তাৎক্ষনিকভাবে নিহত প্রত্যেককে ২০ লাখ করে টাকা দিয়েছে তারা। কয়েকদিনের মধ্যে প্রত্যেকের জন্য তিন কোটি টাকা করে ক্ষতিপূরণ দিতে সম্মত হয় বিআরটি কর্মকর্তারা। কিন্তু দিন যত গেছে, তারা দূরে সরে গেছেন। সর্বশেষ আদালতের মাধ্যমে তারা থানা থেকে ক্রেনটি নিয়ে যাওয়ার পর আর কোনো যোগাযোগ করেনি। এখন আর ফোনও ধরে না। আমরা চেষ্টা করেও তাদের পর্যন্ত পৌঁছাতে পারি না। থানায় যে মামলাটি করেছি, সেটার তদন্ত চলছেই। কবে শেষ হবে আমরা জানি না। এই মামলার ফলাফলের আশা আমরা ছেড়েই দিয়েছি।" অথচ এই দুর্ঘটনার পর সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয় থেকে অতিরিক্ত সচিব নীলিমা আক্তারকে প্রধান করে একটি কমিটি গঠন করা হয়েছিল। সেই কমিটি নির্ধারিত সময়ে রিপোর্টও দিয়েছে। সেখানে ক্রেনের চালক, প্রকল্পের ঠিকাদারি প্রতিষ্ঠান চায়না গেজহুবা গ্রুপ কর্পোরেশন (সিজিজিসি) ও নিরাপত্তা নিশ্চিতে দায়িত্বপ্রাপ্তদের ঘটনার জন্য দায়ী করা হয়। ওইটুকুতেই যেন দায়িত্ব শেষ করেছে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

গত বছর পুরান ঢাকার সিদ্দিকবাজারে মার্কেটে অবৈধ গ্যাস লাইন বিস্ফোরণে জীবন যায় ২৪ জনের। সায়েন্স ল্যাবরেটরি এলাকায় ভবনে বিস্ফোরণ হয়েছে সুয়ারেজ লাইনের গ্যাস থেকে। সেখানেও নিহত হন পাঁচ জন। মগবাজারে ভবন বিস্ফোরণে মারা যান কয়েকজন। রাজধানীর সড়কগুলোতে দেখা যায় বিদ্যুৎ সরবরাহের লাইনের খুঁটির সাথে নানা ধরনের তারের জঞ্জাল। প্রায়ই এইসব তারের জঞ্জাল থেকে আগুন ধরে যায়। আর সড়ক দুর্ঘটনায় নিহতের ঘটনা তো ঘটছেই। বেসরকারি সংগঠন রোড সেফটি ফাউন্ডেশনের তথ্য মতে, গত বছর সারাদেশে সড়ক দুর্ঘটনায় যারা মারা গেছেন তাদের প্রায় ২৯ ভাগ মারা গেছেন শুধু ঢাকা শহরে। ঢাকা শহরে এত বেশি দুর্ঘটনার কী কী কারণ থাকতে পারে জানতে চাইলে রোড সেফটি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাইদুর রহমান ডয়চে ভেলেকে বলেন, "এখানে যে শুধু গতির কারণে দুর্ঘটনা ঘটছে এমন নয়। রাস্তাঘাট ভাঙাচোরা। অল্প জায়গায় বেশি যানবাহন চলছে। আর অনেকেই আইনের তোয়াক্কা করছে না। ফলে দুর্ঘটনা ঘটছে। অনিয়ম আর দুর্নীতি এর জন্য প্রধানত দায়ী। কেউ দায়িত্ব নিয়ে শহরটাকে গোছানোর চেষ্টা করে না। সবাই চেষ্টা করে কিভাবে টাকা কামানো যায়। ফলে দিন দিন শহরটা বসবাসের অযোগ্য হয়ে উঠছে।"

বায়ু দূষণে ঢাকা প্রায়ই পৃথিবীর শহরগুলোর মধ্যে শীর্ষে থাকে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলছে, প্রতিবছর বায়ুদূষণের কারণে বাংলাদেশে ৮০ হাজার মানুষের মৃত্যু হয়। আর এমন মৃত্যুর হার সবচেয়ে বেশি ঢাকায়। ঢাকার বায়ুদূষণের প্রধান কারণ হলো যানবাহনের ধোঁয়া এবং শুষ্ক মৌসুমে অবকাঠামো নির্মাণ এবং মেরামতের কারণে সৃষ্ট ধূলিকণা। ঢাকার বাতাসে এখন লেড ও মার্কারির মতো হেভি মেটালের উপস্থিতিও পাওয়া যাচ্ছে গবেষণায়। গত বছরের সেপ্টেম্বরে মিরপুরে ঢাকা কমার্স কলেজ সংলগ্ন ঝিলপাড় বস্তি এলাকার বিদ্যুতের তার ছিঁড়ে পানিতে পড়ে। হেঁটে রাস্তা পার হওয়ার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ৪ জন মারা যান। তাদের মধ্যে ১ জন শিশু, ১ জন নারী ও ২ জন পুরুষ। সেই ঘটনায় মিরপুর থানায় দায়ের হওয়া মামলাটির তদন্ত করছেন এসআই লেসলন। ডয়চে ভেলেকে তিনি বলেন, "এই ঘটনার পর বেঁচে থাকা পরিবারের অন্য সদস্যরা ময়মনসিংহে তাদের গ্রামের বাড়ি চলে গেছে। আমি নিজেও তাদের খোঁজার চেষ্টা করছি। মামলার তদন্ত খুব বেশি এগোয়নি। কারণ, হাসপাতাল থেকে পোস্টমর্টেম রিপোর্ট এখনো আসেনি। এলে মৃত্যুর কারণ খুঁজে বের করার চেষ্টা করবো। তাদেরও খুঁজে করার চেষ্টা করা হবে।"

বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের এক জরিপে দেখা গেছে, ২০২৩ সালে কর্মক্ষেত্রে দুর্ঘটনায় মারা গেছেন ৭০৯ জন। এর মধ্যে পরিবহণ সেক্টরে ২৪৬ জন, নির্মাণ শ্রমিক ১১৩ জন, কৃষি শ্রমিক ৯৭ জন, রিকশাশ্রমিক ৪৪ জন, দিনমজুর ২৯ জনসহ নানাভাবে এই মৃত্যু হয়েছে। কিন্তু সারা দেশের কোথাও নিহতরা কোনো ক্ষতিপূরণ পাচ্ছেন না। প্রতিষ্ঠানটির সম্পাদক শাকিল আক্তার চৌধুরী ডয়চে ভেলেকে বলেন, "কোনো কোনো ক্ষেত্রে আমাদের আইন আছে, কিন্তু আইনের প্রয়োগ নেই। ফলে যে যার মতো অপরাধ করে পার পেয়ে যাচ্ছে। একটা নির্মাণাধীন ভবনে কী ধরনের নিরাপত্তা ব্যবস্থা নেওয়া প্রয়োজন, সেটা কিন্তু আইনে বলা আছে, কিন্তু নেওয়া হচ্ছে না। ফলে যে যার মতো কাজ করছে। এখানে মূলত সমন্বিত একটা পরিকল্পনা দরকার। ঢাকা শহর দেখভালের দায়িত্বে থাকা প্রতিষ্ঠানগুলোর একটা টাস্কফোর্স থাকলে তারা এটা দেখতে পারতো। এখন সিটি কর্পোরেশন তাদের মতো করে কাজ করে, ওয়াসা তাদের মতো করে কাজ করে। এভাবে সবাই যে যার মতো কাজ করছে, কিন্তু মূল কাজটিই হচ্ছে না। এর ফলশ্রুতিতে সাধারণ মানুষকে জীবন দিয়ে এর মূল্য দিতে হচ্ছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৯.১.২৪ রিহাব)

## শেখ হাসিনা সরকারকে স্বীকৃতি না দেয়ার সম্ভাবনা খারিজ যুক্তরাষ্ট্রের

টানা চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রী হয়েছেন শেখ হাসিনা। তার সরকারকে যুক্তরাষ্ট্র স্বীকৃতি দেবে না- এমন সম্ভাবনা খারিজ করেছেন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার। বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরে নিয়মিত ব্রিফিংয়ে এক সাংবাদিক প্রশ্ন করেন, "তাহলে আপনারা যখন বলেন বাংলাদেশের নির্বাচনের ফলাফল বিশ্বাসযোগ্য, অবাধ বা সুষ্ঠু হয়নি, তার মানে কি যুক্তরাষ্ট্র প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টানা চতুর্থ মেয়াদকে স্বীকৃতি দেবে না?" জবাবে মিলার বলেন, তারা এখন বাংলাদেশ সরকারকে সহিংসতার প্রতিবেদনগুলোর বিশ্বাসযোগ্য ও স্বচ্ছতার সঙ্গে তদন্ত করতে এবং অপরাধীদের জবাবদিহিতার আওতায় আনতে উৎসাহিত করছেন। তিনি বলেন, "রাজনৈতিক সহিংসতা পরিহার করার জন্য আমরা সব দলের প্রতি আহ্বান জানাচ্ছি।" মিলার জানান, বিরোধী রাজনৈতিক সদস্যদের গ্রেফতার এবং নির্বাচনের দিন অনিয়মের খবরে তারা উদ্বিগ্ন। তিনি বলেন, "সব দল এতে অংশগ্রহণ করেনি বলে আমরা দুঃখিত এবং নির্বাচনের সময় ও এর আগের মাসগুলোতে যে সহিংসতা হয়েছে আমরা তার নিন্দা জানাই।"

এর আগে বুধবার ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠকে জলবায়ু পরিবর্তন, ব্যবসা-বাণিজ্যের সুযোগ ও রোহিঙ্গা সংকটের মতো পারস্পরিক গুরুত্বপূর্ণ ইস্যুতে দুই দেশ কীভাবে একসঙ্গে কাজ করতে পারে সে বিষয়ে আলোচনা করেন। হাস বলেন, "পারস্পরিক স্বার্থের ভিত্তিতে আমাদের সম্পর্ককে এগিয়ে নিতে আগামী মাসগুলোতে আমরা ঘনিষ্ঠভাবে কাজ করার প্রত্যাশা করছি।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৯.১.২৪ রিহাব)

## হজে আগ্রহ কমছে, বাড়ছে ওমরায়

এবার হজের অর্ধেক কোটাও পূরণ হয়নি। দুই দফা সময় বাড়ানোর পরও কোটা পূরণ হবার আগেই বৃহস্পতিবার হজ নিবন্ধন শেষ করা হয়েছে। চাঁদ দেখা সাপেক্ষে চলতি বছরের ১৬ জুন পবিত্র হজ অনুষ্ঠিত হবে। ধর্ম মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মতিউল ইসলাম শুক্রবার বিকালে ডয়চে ভেলেকে বলেন, "শেষ পর্যন্ত এবার হজে যাওয়ার জন্য ৫৩ হাজারের কিছু বেশি মানুষ নিবন্ধন করেছেন। আমরা আর সময় বাড়াবো না।" তিনি জানান, " গতবারের চেয়ে হজ খরচ এবার এক লাখ টাকার মতো কমানো হলেও আগের মতো সাড়া পাওয়া যায়নি।"

গত ১৫ নভেম্বর নিবন্ধন শুরুর পর থেকে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় বৃহস্পতিবার পর্যন্ত ৫৩ হাজার ১১৫ জন নিবন্ধন করেছেন। বাংলাদেশ থেকে এবার এক লাখ ২৭ হাজার ১৯৮ জনের হজ করার অনুমতি দিয়েছিল সৌদি আরবের ধর্ম মন্ত্রণালয়। হজ চুক্তি অনুযায়ী এখনো কোটা ফাঁকা রয়েছে ৭৪ হাজার ৮৩টি। ফলে মোট কোটার ৫৮ শতাংশ খালি রেখেই হজ নিবন্ধন শেষ করেছে ধর্ম মন্ত্রণালয়। ১৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত ছিল প্রথম দফা হজ নিবন্ধনের সময়। পরে সময় ৩১ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়। হজযাত্রীদের সাড়া না পাওয়ায় সর্বশেষ নিবন্ধনের সময় বাড়িয়ে ১৮ জানুয়ারি করা হয়। মোট ৫৩ হাজার ১১৫ জন হজযাত্রীর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় তিন হাজার ৮০২ জন ও বেসরকারি ব্যবস্থাপনায় ৪৯ হাজার ৩১৩ জন নিবন্ধন করেছেন। কোটার ৪২ শতাংশ হজযাত্রী নিবন্ধন করেছেন। এবার সরকারি ব্যবস্থাপনায় হজে যাওয়ার দুটি প্যাকেজ নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে সর্বনিম্ন প্যাকেজের মূল্য পাঁচ লাখ ৭৮ হাজার ৮৪০ টাকা। আর বিশেষ প্যাকেজের মূল্য ৯ লাখ ৩৬ হাজার ৩২০ টাকা। বেসরকারি ব্যবস্থাপনায় দুটি প্যাকেজের মূল্য যথাক্রমে পাঁচ লাখ ৮৯ হাজার ৮০০ টাকা এবং আট লাখ ২৮ হাজার ৮১৮ টাকা। গত বছরের চেয়ে এ বছর সর্বনিম্ন প্যাকেজের মূল্য এক লাখ ৪ হাজার ১৬০ টাকা কমানো হয়েছে।

গতবারও একই পরিস্থিতি হয়েছিল। কোটার বিপরীতে প্রায় সাড়ে তিন হাজার নিবন্ধন কম ছিল। কিন্তু এবার গতবারের চেয়ে সাড়া আরো অনেক কম। হজ এজেন্সিজ অ্যাসোসিয়েন অব বাংলাদেশ (হাব)-এর সভাপতি এস শাহাদাত হোসাইন বলেন, "এ বছর হজ খরচ গত বারের তুলনায় এক লাখ টাকার মতো কমলেও করোনার আগের তুলনায় অনেক বেশি। আর তার বিপরীতে ওমরাহ খরচ অনেক কম। সর্বোচ্চ দেড় লাখ টাকার মধ্যে একজন ওমরাহ করতে পারেন। ফলে খরচ বাঁচাতে অনেকেই এখন ওমরাহর দিকে ঝুঁকছেন। এছাড়া সৌদি আরব হজ নীতিতে অনেক পরিবর্তন আনায় খরচ বেড়ে যাচ্ছে। তাদের মনোভাব দেখে মনে হচ্ছে ভবিষ্যতে তারা তাদের ব্যবস্থাপনায়ই মুসলিম দেশ থেকে হজ যাত্রী নেবে। পুরো ব্যবসাটা তারা করতে চায়। অমুসলিম দেশ থেকে তারা এখন অনলাইনে সরাসরি

হজ যাত্রী নিচ্ছে। ওমরাহ অনলাইনে করে ফেলেছে। হজও হয়তো পুরোটা অনলাইনে হয়ে যাবে। তখন কোটা থাকলেও হজ এজেন্সির প্রয়োজন থাকবে বলে মনে হয় না," জানান হাব সভাপতি।

বাংলাদেশে হজ এজেন্সি আছে এক হাজার ২৫০টি। এর বাইরে ট্র্যাভেল এজেন্টরাও হজযাত্রীদের নিয়ে কাজ করেন। তাদের হজযাত্রী কমে গেলেও ব্যবস্থাপনাসহ অন্যান্য খরচ একই আছে। টিকিট বিক্রিও নির্ধারিত তিনটি এয়ার লাইন্সের অনেক কমে যাবে। ফলে হজ ও ট্র্যাভেল এজেন্সিগুলো আর্থিক ক্ষতির মুখে পড়ছে। কোনো কোনো এজেন্সি হজকেন্দ্রিক ব্যবসা ইতোমধ্যে গুটিয়ে নিয়েছে। অ্যাসোসিয়েন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)-এর মহাসচিব আব্দুস সালাম আরেফ জানান,"২০১৮-১৯ সালের সঙ্গে তুলনা করলে হজের খরচ ৮০ ভাগ বেড়েছে। এটা সব দেশেই। এর সঙ্গে ডলারের দাম বাড়ায় আরো খরচ বেড়েছে। একজনের হজের খরচ দিয়ে ছয়জন ওমরাহ করতে পারেন। ফলে ওমরাহর প্রতি আগ্রহ বাড়ছে। এখন বছরে পাঁচ লাখ মুসলমান ওমরাহ করতে যান।" তিনি বলেন, "আগ্রহ কমে যাওয়ার কারণে আমরা ট্র্যাভেল এজেন্টরাও ক্ষতির মুখে পড়ছি। টিকিট বিক্রি অর্ধেকের নিচে নেমে গেছে।" ধর্ম মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মতিউল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, "সৌদি আরবে এখন বাসা ভাড়া বেড়ে গেছে, ১৭ শতাংশ ভ্যাট যুক্ত হয়েছে। সেখানে অনেক বাড়ি ভেঙে ফেলায় বাড়ি ভাড়া অনেক বেড়ে গেছে। সব খরচই বেড়েছে। তারপরও আমরা এক লাখ টাকা গত বছরের তুলনায় কমিয়েছি। আর কমানো সম্ভব নয়।" তার কথা, "এটা ব্যক্তিগত ইবাদত। তারপরও আমরা নানাভাবে উদ্বুদ্ধ করেছি। কিন্তু না গেলে তো কিছু করার নেই। তবে ওমরাহর খরচ কম হওয়ায় অনকেই ওমরাহ করতে যাচ্ছেন। ওমরাহ যাত্রী দিন দিন বাড়ছে।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৯.১.২৪ রিহাব)

## এনএইচকে

### এলডিপি'র রাজনৈতিক তহবিল কেলেঙ্কারির বিরুদ্ধে অভিযোগ দায়ের টোকিও'র কৌঁসুলিদের

জাপানের প্রধান ক্ষমতাসীন দল লিবারেল ডেমোক্রেটিক পার্টির উপদলগুলোর সংশ্লিষ্টতা থাকা রাজনৈতিক তহবিল কেলেঙ্কারিতে যুক্ত থাকার সন্দেহে বেশ কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন টোকিওর কৌঁসুলিরা। একসময় প্রয়াত প্রধানমন্ত্রী আবে শিনযোর নেতৃত্বাধীন উপদল এবং এলডিপি'র প্রাক্তন মহাসচিব নিকাই তোশিহিরোর নেতৃত্বাধীন উপদলের প্রধান কোষাধ্যক্ষদের আজ শুক্রবার গ্রেপ্তার করা ছাড়াই অভিযুক্ত করা হয়। সাম্প্রতিক সময় পর্যন্ত প্রধানমন্ত্রী কিশিদা ফুমিওর নেতৃত্বে থাকা উপদলটির প্রাক্তন প্রধান কোষাধ্যক্ষের বিরুদ্ধেও সামারি আদালতে অভিযোগ দায়ের করা হয়েছে। তারা সকলেই রাজনৈতিক তহবিল নিয়ন্ত্রণ আইন লঙ্ঘন করে ভুয়া হিসাব দাখিলের অভিযোগের মুখোমুখি হয়েছেন। তহবিল সংগ্রহের ইভেন্ট থেকে উপদলগুলোর প্রাপ্ত রাজস্বের অংশবিশেষের কথা প্রকাশ করতে তারা ব্যর্থ হয়েছেন বলে সন্দেহ করা হচ্ছে। কৌঁসুলিরা সংসদের উচ্চকক্ষের সদস্য ওওনো ইয়াসুতাদা'র বিরুদ্ধেও গ্রেফতার ছাড়াই অভিযোগ দায়ের করেছেন। তিনি তহবিল সংগ্রহের ইভেন্টের জন্য তার নির্ধারিত কোটার চেয়ে বেশি টিকিট বিক্রি করে আবে উপদলের কাছ থেকে ৫০ মিলিয়ন ইয়েনের বেশি বা প্রায় ৩ লক্ষ ৩৭ হাজার ডলার অর্থ প্রাপ্তির কথা ঘোষণা করতে ব্যর্থ হয়েছেন বলে সন্দেহ করা হচ্ছে। আবে উপদলের আরেক সদস্য নিম্নকক্ষের আইনপ্রণেতা তানিগাওয়া ইয়াইচি'র বিরুদ্ধেও সামারি আদালতে অভিযোগ দায়ের করা হয়েছে। আজ শুক্রবারের খবর অনুযায়ী, এই দুই সংসদ সদস্য এলডিপি থেকে বেরিয়ে গেছেন। (এনএইচকে ওয়েব পেজ: ১৯.০১.২০২৪ রুবাইয়া)

## রেডিও টুডে

### বিরোধী অপশক্তির নির্বাচন বানচালের সব পন্থাই ব্যর্থ হয়েছে : ওবায়দুল কাদের

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন দেশের ইতিহাসের গণতন্ত্রের অভিযাত্রার মাইলফলক বলে মন্তব্য করে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, আমরা আজ দাবি করতে পারি, আমাদের গণতান্ত্রিক ধারাবাহিকতা আছে। বিরোধী অপশক্তি নির্বাচন বানচালের সব ধরনের পন্থা অবলম্বন করে ব্যর্থ হয়েছে। দুপুরে রাজধানীর ধানমন্ডি আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। নির্বাচনের পরেও বিএনপির নেতৃত্বে একটি গোষ্ঠী নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার চেষ্টা করছে বলেও জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৯.০১.২৪ এলিনা)

### টিআইবির বিবৃতি জনমতের প্রতিফলন তাই বিএনপির সঙ্গে মিলে গেছে : নজরুল ইসলাম খান

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, টিআইবির বিবৃতি জনমতের প্রতিফলন। এ কারণেই বিএনপি'র বক্তব্যের সাথে তাদের বিবৃতি মিলে গেছে বলে দাবি করেছেন দলের স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান। বিএনপির প্রতিষ্ঠাতা সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৭তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে শুক্রবার বেলা ১১টার দিকে তার সমাধিতে শ্রদ্ধা জানানো শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। নজরুল ইসলাম বলেন, নির্বাচন নিয়ে শুধু মার্কিন যুক্তরাষ্ট্র নয়, গণতান্ত্রিক বিশ্বও জনগণের পক্ষে কথা বলেছে। তিনি বলেন, টিআইবিসহ যারা দেশের গণতন্ত্র ও জনগণের পক্ষে কথা বলবে তাদের সবাইকেই স্বাগত জানায় বিএনপি। এ সময় বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. মঈন খান বলেন, সরকার উন্নয়নের কথা বলে বিদেশীদের ধোকা দিতে পারবে না। তিনি বলেন, সারা বিশ্বের গণতন্ত্রকামী মানুষ বলছে,

বাংলাদেশ একদলীয় শাসকের কবলে। এখানে মানুষের ভোটের অধিকার ও মানবাধিকার নেই। মানুষের অর্থনীতি বিপর্যস্ত। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৯.০১.২৪ এলিনা)

**বাংলাদেশের বিরোধী দলের নেতাকর্মীদের গ্রেফতারে উদ্বেগ প্রকাশ করেছে মার্কিন যুক্তরাষ্ট্র**

বাংলাদেশের সদ্য সমাপ্ত জাতীয় সংসদ নির্বাচন ঘিরে বিরোধী দলের নেতাকর্মীদের গ্রেফতারে উদ্বেগ প্রকাশ করেছে মার্কিন যুক্তরাষ্ট্র। পাশাপাশি এই নির্বাচন নিয়ে দেশটির অবস্থান পরিবর্তন না করে তারা ফের বলছে, নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি। স্থানীয় সময় বৃহস্পতিবার নিয়মিত প্রেস ব্রিফিংয়ে বাংলাদেশের সদ্য সমাপ্ত নির্বাচন নিয়ে করা এক প্রশ্নের জবাবে এসব কথা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ম্যাথিউ মিলার। নির্বাচনের দিন নানা অনিয়মের খবরেও দেশটি উদ্বিগ্ন বলেও জানিয়েছেন তিনি। সহিংসতার ঘটনাগুলোর বিশ্বাসযোগ্য এবং স্বচ্ছ তদন্ত নিশ্চিত করার দাবি জানান তিনি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৯.০১.২৪ এলিনা)

**দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে মৌসুমের স্বাভাবিক লঘুচাপ**

মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। সারাদেশে টানা কয়েক দিন কনকনে ঠাণ্ডা আর হিমেল হাওয়া বইছে। এ অবস্থায় ঢাকাসহ দেশের ৫ বিভাগে বজ্রসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। আবহাওয়াবিদ মোহাম্মদ ওমর ফারুক স্বাক্ষরিত বিজ্ঞপ্তি অনুযায়ী, শুক্রবার সন্ধ্যা পর্যন্ত খুলনা, বরিশাল, রাজশাহী, ঢাকা এবং চট্টগ্রাম বিভাগের দুই/এক জায়গায় বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যান্য জায়গায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এ সময় কিশোরগঞ্জ ও নওগাঁ জেলাসহ রংপুর বিভাগের উপর দিয়ে বয়ে যাওয়া মৃদু শৈত্যপ্রবাহ অব্যাহত থাকতে পারে। এছাড়া সারাদেশের তাপমাত্রা এক থেকে তিন ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বাড়তে পারে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৯.০১.২৪ এলিনা)

**বিশ্বের দূষিত শহরের তালিকায় আবারও শীর্ষে ঢাকা**

বিশ্বের দূষিত শহরের তালিকায় আবারও শীর্ষে অবস্থান করছে রাজধানী ঢাকা। শুক্রবার সকাল ৯টা ১৫ মিনিটে এয়ার কোয়ালিটি ইনডেক্স অনুযায়ী রাজধানী ঢাকার স্কোর ৩১১। এ স্কোর বাতাসের মান ঝুঁকিপূর্ণ বা দুর্যোগপূর্ণ হিসেবে ধরা হয়। দ্বিতীয় অবস্থানে রয়েছে পাকিস্তানের করাচি, যার স্কোর ২৫১। এছাড়াও ২১৫ স্কোর নিয়ে তৃতীয় অবস্থানে রয়েছে ভারতের কলকাতা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৯.০১.২৪ এলিনা)

**ফেরি ডুবির ঘটনায় নিখোঁজ হুমায়ুন কবিরের সন্ধান মেলেনি এখনো**

মানিকগঞ্জের পাটুরিয়ায় রজনীগন্ধা ফেরি ডুবির ঘটনায় নিখোঁজ ইঞ্জিনিয়ার দ্বিতীয় মাস্টার হুমায়ুন কবিরের সন্ধান এখনো মেলেনি। তাকে উদ্ধারের চেষ্টা করছে উদ্ধারকর্মীরা। তিনি ২০১১ সালে বিআইডব্লিউটিসিতে চাকরি শুরু করেন। সাত মাস আগে দৌলতদিয়া-পাটুরিয়া নৌপথে ফেরিতে যোগ দেন। এদিকে, ডুবে যাওয়া ফেরিটিকেও পানি থেকে টেনে তোলা সম্ভব হয়নি। আদৌও উদ্ধার করা যাবে কি না তাও নিশ্চিত নয়। উদ্ধারকারী জাহাজ হামজা এবং রুস্তমের ধারণ ক্ষমতার চেয়ে ফেরিটির ওজন বেশি হওয়ায় আরেক উদ্ধারকারী জাহাজ প্রত্যয়ের জন্য অপেক্ষা করা হচ্ছে। সেটি পৌঁছেলে পরবর্তী করণীয় ঠিক করা হবে। গত বুধবার ঘন কুয়াশার কারণে পদ্মা নদীর পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে তীরে ভেড়ার সময় পাটুরিয়া ঘাটের কাছে নয়টি ট্রাকসহ রজনীগন্ধা নামের ফেরি ডুবির ঘটনা ঘটেছে। এ সময় ফেরিতে থাকা ২০ জন ব্যক্তিকে জীবিত উদ্ধার করা হয়েছে।(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৯.০১.২৪ এলিনা)

**মহেশখালীতে এলএনজি টার্মিনালে কারিগরি ত্রুটির কারণে চট্টগ্রামে সকাল থেকে গ্যাস সরবরাহ বন্ধ**

মহেশখালীতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের ভাসমান এলএনজি টার্মিনালে কারিগরি ত্রুটির কারণে আজ শুক্রবার সকাল থেকে চট্টগ্রামে গ্যাস সরবরাহ বন্ধ রয়েছে। পেট্রোবাংলার দেওয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। তবে কী ধরনের কারিগরি ত্রুটি দেখা দিয়েছে তা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি। গ্যাস সরবরাহ বন্ধ থাকায় চট্টগ্রামের বাসিন্দারা বিপাকে পড়েছেন। এদিকে, সকালে গ্যাস সংকট দেখা গেছে ঢাকা ও নারায়ণগঞ্জের অনেক এলাকাতেও। এতে ঘরের রান্না থেকে শুরু করে শিল্প কারখানা, সিএনজি স্টেশনগুলোতে গ্যাসের অভাবে দুর্ভোগে পড়েছেন ভোক্তারা (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৯.০১.২০২৪ আসাদ)

**স্বাস্থ্য খাতে কোন ধরনের অনিয়ম, অবহেলা সহ্য করা হবে না : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য খাতে কোন ধরনের অনিয়ম, অবহেলা সহ্য করা হবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন। তিনি বলেছেন, স্বাস্থ্য খাতে অনিয়ম পাওয়া গেলেই ব্যবস্থা নেয়া হবে। পাশাপাশি চিকিৎসকের অবহেলায় রোগীর মৃত্যু হলে সে বিষয় নজরে রাখা হবে। শুক্রবার সকালে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে রঘুনাথব্রহ্মচারী আশ্রম পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। আরো বলেন, প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্যসেবা আরো উন্নত করাই আমাদের প্রধান লক্ষ্য। প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্য সেবা উন্নত করতে পারলে শহরে রোগীর চাপ কমে আসবে।
(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৯.০১.২০২৪ আসাদ)

**দেশে শীত আরো কয়েকদিন অব্যাহত থাকতে পারে : আবহাওয়া অফিস**

কয়েকদিনের টানা শীত আর বৃষ্টির পরে আজ সকাল থেকে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে দেখা মিলেছে সূর্যের। এতে কমে এসেছে শীতের তীব্রতাও। এতে অনেকটাই স্বস্তি ফিরে এসেছে জনজীবনে। আবহাওয়া অফিস জানিয়েছে

শৈত্য প্রবাহ আরো বেশ কয়েকদিন থাকতে পারে। সেই সঙ্গে পাঁচ বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি হতে পারে। এতে রাতের তাপমাত্রা আরো কমতে পারে। এছাড়া আগামী মঙ্গলবার পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধির সম্ভাবনা কম। অর্থাৎ শীত থাকছে আরো কয়েকদিন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৯.০১.২০২৪ আসাদ)

## ফরিদপুরের ভাঙ্গায় সড়ক দুর্ঘটনায় ৪জন নিহত

ফরিদপুরের ভাঙ্গায় সড়ক দুর্ঘটনায় চারজন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ৬ জন। শুক্রবার রাত পৌনে ৮টার দিকে ঢাকা-ভাঙ্গা মহাসড়কের খাড়াকান্দি বাসস্ট্যান্ড এলাকায় বাস-লেগুনার সংঘর্ষে এ দুর্ঘটনা ঘটে। ভাঙ্গা হাইওয়ে পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু সাঈদ মো. খায়রুল আনাম এ তথ্য নিশ্চিত করেছেন। ভাঙ্গা হাইওয়ে থানা সূত্রে জানা যায়, ভাঙ্গা থেকে যাত্রী ভর্তি একটি লেগুনা গোপালগঞ্জের মুকসুদপুরে যাচ্ছিল। লেগুনাটি ভাঙ্গা পৌরসভার খাড়াকান্দি এলাকায় পৌঁছালে ঢাকা থেকে খুলনাগামী সোহাগ পরিবহনের একটি বাস লেগুনাটিকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলে ৪ যাত্রী নিহত হন। ওসি আবু সাঈদ মো. খায়রুল আনাম জানান, আহত ৬ জনকে উদ্ধার করে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৯.০১.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## যুক্তরাষ্ট্রের বক্তব্যে অস্বস্তিতে নেই আওয়ামী লীগ : সেতুমন্ত্রী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও সুষ্ঠু হওয়া নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র সম্প্রতি যে বক্তব্য দিয়েছে তা নিয়ে সামান্যতম কোনো অস্বস্তিতে নেই আওয়ামী লীগ সরকার। আজ শুক্রবার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ কথা বলেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, 'মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে আমাদের সম্পর্ক আছে। সম্পর্ক আরো ভালো করার জন্য আমরা যথেষ্ট ধৈর্যশীল। আর বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে এগিয়ে নিয়ে যাওয়ার কথা বলেছেন।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'বিএনপির নির্বাচনে অংশ না নেওয়া ছিল দেশের সার্বভৌমত্বের বিরুদ্ধে ষড়যন্ত্রের অংশ। নির্বাচনের পরেও বিএনপির নেতৃত্বে চিহ্নিত অপশক্তি নির্বাচনকে বিতর্কিত করার পাঁয়তারা করছে।' ওবায়দুল কাদের বলেন, 'অগণতান্ত্রিক পন্থায় অনির্বাচিত কাউকে ক্ষমতায় বসাতে দেশি-বিদেশি অপতৎপরতা ছিল। এখন নেই, সেটা বলা যায় না।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আরো বলেন, 'শেখ হাসিনা প্রমাণ করেছেন নির্বাচিত সরকারের অধীনে একটি নির্বাচন সম্ভব। বিএনপি এই নির্বাচনে অংশ নিলে নির্বাচন আরো প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হতো। তবে তাদের অনুপস্থিতিতেও নির্বাচন ভোটারশূন্য ও প্রতিদ্বন্দ্বিতাহীন হয়নি।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

## স্বাস্থ্য খাতে দুর্নীতি-অনিয়ম সহ্য করা হবে না : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেছেন, 'প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্যসেবা আরো উন্নত করাই আমার প্রধান লক্ষ্য। এটি করতে পারলে শহরে রোগীর চাপ কমে আসবে। সারাজীবন অন্যায়-দুর্নীতির বিরুদ্ধে ছিলাম, এখনো আছি। স্বাস্থ্য খাতে কোনো অনিয়ম-দুর্নীতি, অবহেলা সহ্য করা হবে না।' আজ শুক্রবার সকালে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের লোকনাথ ব্রহ্মচারী আশ্রম পরিদর্শন ও প্রার্থনা শেষে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'আমি সারাদেশের বিভিন্ন জেলা সদর ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করে সেগুলোর উন্নয়নে কাজ করব। একটি সিজারিয়ান রোগীর সিজার করতে কেন ঢাকায় আসতে হবে, তবে এগুলো একদিনে সম্ভব নয়। সারাদেশের প্রান্তিক পর্যায়ে জনগণের দোরগোড়ায় যেন স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া যায় সেই লক্ষ্যে কাজ করব। ডাক্তারের অবহেলায় কোনো রোগীর মৃত্যু হলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে। তবে রোগীদেরও মাথায় রাখতে হবে, কোনো মৃত্যু হলে হাসপাতাল ভাঙচুর কাম্য নয়। কী কারণে রোগীর মৃত্যু হলো সেটিও আমাদের খেয়াল রাখতে হবে।' তিনি আরো বলেন, 'যেসব হাসপাতাল লাইসেন্সবিহীন, অনুমতি নেই এবং যেগুলোর অবকাঠামো নেই সেসব হাসপাতাল বন্ধ করতে হবে। কেউ অনিয়ম করলে সে যেই হোক তার বিরুদ্ধে যথাযথ প্রমাণ পেলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। তবে সেটি একদিনে সম্ভব নয় ধাপে ধাপে করা হবে। সেজন্য আমাকে সময় দিতে হবে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

## লড়াই-সংগ্রামের মাধ্যমে দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করব : নজরুল ইসলাম খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেছেন, 'যত দ্রুত সম্ভব লড়াই-সংগ্রামের মাধ্যমে এদেশের গণতন্ত্রপ্রেমী মানুষ ও গণমাধ্যমের সহায়তায় আমরা দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করব।' আজ শুক্রবার সকালে বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে তার সমাধিতে ফুলেল শ্রদ্ধা ও মোনাজাত শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি। নজরুল ইসলাম বলেন, 'জিয়াউর রহমানের যে আদর্শ সেটি নষ্ট করা হচ্ছে, তার মাধ্যমে প্রতিষ্ঠিত গণতন্ত্র আজ নেই। সেই গণতন্ত্রকে পুনরুদ্ধার করার লড়াই চলছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকীতে আজকের প্রতিশ্রুতি হলো যতদ্রুত সম্ভব দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করা।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

## শোভাযাত্রার অনুমতি পায়নি ছাত্রদল, নয়াপল্টনে বাড়তি পুলিশ মোতায়েন

বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষে রাজধানীতে শোভাযাত্রার জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাছে অনুমতি চেয়েছিল ছাত্রদল। তবে অনুমতি মেলেনি। আজ শুক্রবার দুপুর ২টায় নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে থেকে শান্তিনগর মোড় পর্যন্ত এই শোভাযাত্রা হওয়ার কথা ছিল। কিন্তু পুলিশ তাতে অনুমতি দেয়নি। বরং বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সহ-সংগঠনিক সম্পাদক মো. মতিউর রহমান গণমাধ্যমকে এসব তথ্য জানান। মতিউর রহমান বলেন, 'শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকীতে ছাত্রদলের পক্ষ থেকে শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল। এজন্য পুলিশের কাছে অনুমতি চাওয়া হয়। কিন্তু পুলিশের পক্ষ থেকে শান্তিপূর্ণ গণতান্ত্রিক কর্মসূচিতে অনুমতি না দেওয়া অত্যন্ত ন্যাক্কারজনক। ছাত্রদলের শোভাযাত্রায় অনুমতি না দিয়ে পুলিশ যে দলদাসের ভূমিকায় অবতীর্ণ হয়েছে সেটার সর্বশেষ নজির স্থাপন করেছে। সকাল থেকেই দলীয় কার্যালয় সামনে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। নেতা-কর্মীদের মধ্যে ভীতি সৃষ্টির চেষ্টা করছে।'

(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

## চট্টগ্রামে গ্যাস সরবরাহ বন্ধ, সারাদেশে চাপ কম

কক্সবাজারের মহেশখালীতে অবস্থিত এলএনজি টার্মিনালে কারিগরি ত্রুটির কারণে চট্টগ্রাম এলাকায় আজ শুক্রবার সকাল থেকে গ্যাস সরবরাহ সাময়িকভাবে বন্ধ রয়েছে। দেশের অন্যান্য এলাকায় শীতের কারণে গ্যাসের স্বল্প চাপ বিরাজ করছে। আজ শুক্রবার দুপুরে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা সার্বক্ষণিক তদারক করছে। বিষয়টি গুরুত্বের সঙ্গে অতি দ্রুত মেরামতের লক্ষ্যে কাজ করছে মন্ত্রণালয়। দেশীয় গ্যাস উৎপাদন ও সরবরাহ অব্যাহত রয়েছে। গ্রাহকদের সাময়িক অসুবিধার জন্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় দুঃখ প্রকাশ করছে বলেও জানানো হয় বিজ্ঞপ্তিতে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

## প্রবাসী কর্মীদের জন্য ফের সুখবর দিলো সৌদি আরব

বাংলাদেশসহ বিশ্বের কয়েকটি দেশ থেকে গৃহকর্মী নিয়োগের ফি কমানোর সিদ্ধান্ত নিয়েছে সৌদি আরব। তাছাড়া এবার ভিসার মেয়াদ শেষ হওয়ার আগে যেসব প্রবাসী কর্মী সৌদি আরবে ফিরতে পারেননি তাদের উপর থেকে তিন বছরের প্রবেশ নিষেধাজ্ঞা তুলে নিয়েছে দেশটি। জানা গেছে, ১৬ জানুয়ারি মঙ্গলবার থেকে তিন বছরের নিষেধাজ্ঞা তুলে নেয়ার নতুন নির্দেশনা কার্যকর হয়েছে। এসব কর্মীদের এবার ৯০ দিন বা তার বেশি মেয়াদের পাসপোর্ট দেওয়া হবে বলেও জানিয়েছে সৌদি কর্তৃপক্ষ। স্থানীয় গণমাধ্যমের বরাত দিয়ে সম্প্রতি এ খবর জানিয়েছে সংবাদমাধ্যম খালিজ টাইমস ও সৌদি গেজেট। তাদের প্রতিবেদন থেকে জানা গেছে, সৌদি আরবের এক্সিট ও রিএন্ট্রি ভিসার মেয়াদ শেষ হওয়ার আগে যারা দেশটিতে ফিরে আসতে ব্যর্থ হয়েছেন সেসব প্রবাসীদের প্রবেশের অনুমতি দিতে সংশ্লিষ্ট সব বিভাগ ও স্থল, সমুদ্র ও বিমানবন্দরকে নির্দেশ দিয়েছে দেশটির পাসপোর্ট অধিদফতর।

(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

## ঢাকায় পুলিশের মাদক বিরোধী অভিযানে গ্রেফতার ৩৮

রাজধানীর বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মাদক বিক্রি ও সেবনের অভিযোগে ৩৮ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন অপরাধ ও গোয়েন্দা বিভাগ। এ সময় গ্রেফতারদের কাছে থেকে মাদকদ্রব্য জব্দ করা হয়েছে। এছাড়া ডিএমপির বিভিন্ন থানায় গ্রেফতারদের বিরুদ্ধে ৩১টি মামলা রুজু হয়েছে। আজ শুক্রবার সকালে ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগ থেকে এসব তথ্য নিশ্চিত করা হয়েছে। ডিএমপির পক্ষ থেকে বলা হয়, ডিএমপির নিয়মিত মাদক বিরোধী অভিযানের অংশ হিসেবে বৃহস্পতিবার সকাল ৬টা থেকে আজ শুক্রবার সকাল ৬টা পর্যন্ত রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকালে তাদের কাছ থেকে ১ হাজার ৪৬ পিস ইয়াবা, ১৭ গ্রাম হেরোইন, ৫ কেজি ২৪০ গ্রাম গাঁজা ও ২৩০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

## সবসময় জনগণের পাশে থাকব : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, 'সবসময় জনগণের পাশে থাকবো, তাদের পরিপূর্ণভাবে সেবা করবো। জনগণকে দেওয়া প্রতিটি অঙ্গীকারই একে একে পূরণ করবো। নৌকা প্রতীকের ওপর আপনারা আস্থা রেখেছেন, আপনাদের সিদ্ধান্তকে সম্মান জানাবো।' সবাইকে জাতির পিতার স্বপ্নের অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে একসঙ্গে কাজ করার আহ্বানও জানান তিনি। আজ শুক্রবার সবুজবাগের পূর্ব বাসাবো প্রিন্স গার্ডেন মাঠে শীতার্তদের মধ্যে ৩ হাজার কম্বল ও নগদ অর্থ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পরিবেশমন্ত্রী সাবের হোসেন চৌধুরী এসব কথা বলেন। পরিবেশমন্ত্রী বলেন, 'আমি একজন মন্ত্রী, এর চেয়ে বড় পরিচয় আমি ঢাকা-৯ আসনের সংসদ সদস্য। একটি নির্দিষ্ট প্রতীকে নির্বাচন করলেও দল, মত নির্বিশেষে সবাই আমার এলাকার জনগণ। আগামী পাঁচ বছর আপনাদের সেবা করে যাবো। সমাজের কিছু কিছু মানুষের জন্য আমাদের বিশেষ ভাবনা, বিশেষ

পরিকল্পনা আছে। সেই বোধ থেকেই আজকের আয়োজন। শীতের তীব্রতা বাড়ায় আপনাদের পাশে থাকতে এসেছি।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

**জিয়াউর রহমানের জন্মবার্ষিকীতে রিজভীর শীতবস্ত্র বিতরণ**

বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে রাজধানীতে শীতবস্ত্র বিতরণ করছেন দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। আজ শুক্রবার সকালে খিলগাঁও আনসার ক্যাম্প থেকে খিদমাহ হাসপাতালের আশপাশে শীতার্ত মানুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়। এসময় আরো উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিএনপির স্বাস্থ্য বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম, স্বনির্ভর বিষয়ক সম্পাদক শিরীন সুলতানা, সদস্য আমিনুল ইসলাম, কেন্দ্রীয় ড্যাব নেতা শরীফুল ইসলাম, ক্রীড়া সম্পাদক লোহানী তাজুল ইসলাম, কেন্দ্রীয় বিএনপি নেতা আশফাকুল ইসলাম সরকার, যুবদল কেন্দ্রীয় কমিটির সাহিত্য ও প্রকাশনা সম্পাদক মেহবুব মাসুম শান্ত প্রমুখ। ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি বগুড়ার গাবতলীর বাগবাড়ীতে জন্ম জিয়াউর রহমানের। তিনি একাত্তরের স্বাধীনতাযুদ্ধে অংশ নেন এবং স্বাধীনতা পরবর্তীকালে আবার পেশাদার সৈনিক জীবনে ফিরে যান। তিনি দেশের অষ্টম রাষ্ট্রপতি ও সাবেক সেনাপ্রধান। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

**ঢাকা উত্তরে জাতীয় পার্টির নতুন আহ্বায়ক কমিটি**

জি এম কাদেরের উপদেষ্টা মো. তৈয়বুর রহমানকে আহ্বায়ক ও কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান সুলতান আহমেদ সেলিমকে সদস্য সচিব করে ঢাকা মহানগর উত্তরে ২০৩ সদস্যের নতুন কমিটির অনুমোদন দিয়েছে জাতীয় পার্টি। আজ শুক্রবার জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের ও মহাসচিব মুজিবুল হক চুন্নুর সুপারিশে এ কমিটি দেওয়া হয়েছে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়। দলীয় শৃংখলা ভঙ্গের অভিযোগে শফিকুল ইসলাম সেন্টু ও ইয়াহিয়া চৌধুরীকে দলের সব ধরনের পদ-পদবি থেকে অব্যাহতি দেওয়ার পাঁচ দিনের মাথায় নতুন কমিটি অনুমোদন করা হলো। সেন্টু ছিলেন জাপার প্রেসিডিয়াম সদস্য ও ঢাকা মহানগর উত্তরের আহ্বায়ক এবং ইয়াহিয়া ছিলেন ভাইস চেয়ারম্যান। এর আগে রবিবার সেন্টু এবং ইয়াহিয়াকে অব্যাহতি দিয়ে ঢাকা মহানগর উত্তরের মেয়াদোত্তীর্ণ আহ্বায়ক কমিটিও বিলুপ্ত করা হয়।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

**সরকার ভুল বুঝতে পারলে আমরাও তাদের সঙ্গে কাজ করব : নুরুল হক নুর**

সরকার ভুল বুঝতে পেরে দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার জন্য জাতীয় ঐক্য, সংহতির পথে যদি হাঁটে, আমরাও তাদের সঙ্গে কাজ করবো বলে মন্তব্য করেছেন গণঅধিকার পরিষদের একাংশের সভাপতি নুরুল হক নুর। তিনি বলেন, 'একটি স্বাধীন দেশকে সিকিম বানাবেন না। আমরা কাঁধে কাঁধ মিলিয়ে আগামীর রাষ্ট্র গঠন করবো। কিন্তু তার জন্য এই ডামি সংসদ ভেঙে দিতে হবে, রাজনৈতিক ঐকমত্যের ভিত্তিতে নির্বাচনকালীন নিরপেক্ষ সরকার ব্যবস্থা প্রবর্তন করতে হবে। তাহলে এই সরকারের সঙ্গে আমাদের ঐক্য হবে, জনগণ তাদের ক্ষমা করবে।' আজ শুক্রবার জাতীয় প্রেস ক্লাবের সামনে গণবিক্ষোভ সমাবেশে তিনি এসব কথা বলেন। 'ডামি নির্বাচনের ডামি সংসদ ভেঙে দিয়ে নিরপেক্ষ সরকারের অধীনে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে নিয়ে আসার দাবিতে সমাবেশের আয়োজন করে গণঅধিকার পরিষদ ঢাকা মহানগর শাখা। সমাবেশে নুরুল হক নুর বলেন, 'আমরা ভারতীয় তাবেদার এই বাকশালী সরকারের অত্যাচার নির্যাতনের বিরুদ্ধে কথা বলে যাবো। আমরা গণতন্ত্রের জন্য কথা বলে যাবো। আমরা মালদ্বীপের প্রেসিডেন্টের মতো ভারত হঠাও আন্দোলন করবো।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

**পাটুরিয়ায় ফেরিডুবির ঘটনায় নির্মাণ ত্রুটি ছিল কি না অনুসন্ধানের দাবি**

মানিকগঞ্জের পাটুরিয়া ঘাটের কাছে পদ্মা নদীতে যানবাহন বোঝাই রজনীগন্ধা ফেরিডুবির ঘটনার সঠিক তদন্ত দাবি করেছে নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটি। একই সঙ্গে ফেরিডুবির দায় অজ্ঞাত পরিচয়ের বাল্কহেডের উপর না চাপিয়ে ফেরিটির নির্মাণকালীন কোনো ত্রুটি ছিল কি না তা উদঘাটনের দাবিও জানিয়েছে সংগঠনটি। আজ শুক্রবার সংগঠনের সভাপতি হাজি মোহাম্মদ শহীদ মিয়া ও সাধারণ সম্পাদক আশীষ কুমার দে এক বিবৃতিতে এই দাবি জানান। বিবৃতিতে তারা বলেন, 'বাল্কহেডের ধাক্কায় তলা ফেটে পানি উঠে ফেরিটি তলিয়ে গেছে এবং দ্রুতগতির বাল্কহেডটি শনাক্ত করা সম্ভব হয়নি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন করপোরেশন, বিআইডব্লিউটিসির এমন ঢালাও বক্তব্য অগ্রহণযোগ্য। নিরপেক্ষ তদন্তের স্বার্থে নৌযানটির নির্মাণকালীন ত্রুটি এবং সর্বশেষ সার্ভে সংক্রান্ত তথ্য-উপাত্ত যাচাই-বাছাই করা আবশ্যক।' দুর্ঘটনার পর থেকে উদ্ধার কার্যক্রমসহ পুরো বিষয়টির ওপর জাতীয় কমিটি নিবিড় পর্যবেক্ষণ চালাচ্ছে উল্লেখ করে বিবৃতিতে বলা হয়, 'রজনীগন্ধা ফেরিটি ২০১৪ সালে একটি বেসরকারি ডকইয়ার্ডে নির্মিত। এই অল্প সময়ের মধ্যে এত বড় নৌযানের তলদেশ একটি বাল্কহেডের ধাক্কায় ফেটে নৌযানটি নদীতে তলিয়ে যাবে, তা মোটেও বিশ্বাসযোগ্য নয়।' নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটির নেতারা অবিলম্বে ফেরিসহ নিমজ্জিত যানবাহনগুলো উদ্ধার এবং নৌ নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

**দেশে একদিনে ২২ জনের করোনা শনাক্ত, ২০ জনই ঢাকায়**

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ২২ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ সময়ে দেশে কোনো মৃত্যুর তথ্য জানা যায়নি। তবে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৭৯ জনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৬ হাজার ৭১১ জনে। আজ শুক্রবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৪৩০টি নমুনা পরীক্ষায় ২২ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ২০ জন ঢাকার এবং দুইজন চট্টগ্রামের রোগী রয়েছে। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ১২ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৯ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ১৬ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ১৪৩ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪১ শতাংশ। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৯.০১.২০২৪ প্রতীক)

# BBC

**GAZA DESTRUCTION RISKS A LOST GENERATION: UN**

This week Al Israa University became the latest major public building in Gaza to disappear from the map, blown up and destroyed by Israeli forces who had reportedly used it as a military base for several weeks. The war in Gaza has already let to an unprecedented loss of life, but there's also growing concern about the destruction of public and private buildings. Now a senior UN official has told BBC News of his fears that the widespread damage will lead to a list generation of young people. Around 130 remain in captivity. Almost 25,000 Palestinians have since been killed in Gaza, according to the Hamas-run health ministry.
(BBC Web Page: 19/01/24, FARUK)

**N. KOREA TESTS UNDERWATER NUCLEAR WEAPONS SYSTEM**

North Korea says it has carried out a test of its "underwater nuclear weapons system" in response to drills by the US, South Korea and Japan this week. The underwater drone, which supposedly can carry a nuclear weapon, was tested off the east coast, state media said. There is no other evidence of the tests being conducted and Seoul had earlier said the North's descriptions of the drones' capability were exaggerated. South Korea called the reported tests a provocation. The North has claimed tests of its "Haeil-5-23" system before, but the latest incident comes as the North has ramped up military action in recent weeks.
(BBC Web Page: 19/01/24, FARUK)

**NETANYAHU PUBLICLY REJECTS US PUSH FOR PALESTINIAN STATE**

Israeli Prime Minister Benjamin Netanyahu says he has told the United States that he opposes the establishment of a Palestinian state once the conflict in Gaza comes to an end. In a news conference, a defiant Mr Netanyahu vowed to press on with the offensive in Gaza "until complete victory": the destruction of Hamas and return of the remaining Israeli hostages, adding that it could take "many more months". Israel's allies, including the US - and many of its foes- have urged a revival of the long-dormant "two-state solution", in which a future Palestinian state would sit side-by-side with an Israeli one. (BBC Web Page: 19/01/24, FARUK)

**RUSSIAN OIL DEPOT HIT IN UKRAINIAN DRONE ATTACK**

Fire has broken out over a large area of an oil storage depot in southern Russia after officials say it was hit by a Ukrainian drone. Russian media say four oil tanks caught alight and the fire then spread over an area of 1,000 sq m. Russian authorities in the Bryansk region say no-one was hurt. The Bryansk governor said the drone was intercepted near the town of Klintsy and its explosives then fell on the oil depot. The drone strike is the second on Russian oil facilities in two days.
(BBC Web Page: 19/01/24, FARUK)

**UGANDA TRIES REBEL LORD'S RESISTANCE ARMY COMMANDER**

The long-awaited trial of a child soldier-turned-commander in the notorious Lord's Resistance Army (LRA) has begun in Uganda. Thomas Kwoyelo faces more than 90

charges - including murder, rape and the recruitment of child soldiers. He becomes the first LRA commander to be tried by a Ugandan court, marking a watershed moment for the country's judicial system. During a court appearance in 2011, Mr Kwoyelo denied the charges against him. He has spent the last 14 years in pre-trial detention, which analysts partly attribute to the scale and complexity of the alleged crimes. (BBC Web Page: 19/01/24, FARUK)

**TWELVE CHILDREN DEAD IN INDIA BOAT ACCIDENT**

Twelve pupils and two teachers are thought to have drowned in India's Gujarat state, after a boat ferrying them to a school picnic capsized on Thursday. Local police confirmed the number of deaths to BBC Gujarati and said a rescue operation is still ongoing. The cause of the incident, which happened on Harni Lake in Vadodara, is not yet known. Around 27 people were aboard the boat, according to local authorities. Police Commissioner Anupam Singh Gehlot told the BBC as many as seven people have been rescued, and are undergoing treatment at a nearby hospital. He also said the victims had not been provided life jackets during the boat ride, according to the Reuters news agency.
(BBC Web Page: 19/01/24, FARUK)

**UK MILITARY ISLAND NOT SUITABLE FOR MIGRANTS: UN**

The United Nations refugee agency has said a remote British territory in the Indian Ocean, which hosts a secretive UK-US military base, is not a suitable location for migrants to be held long-term, after being granted rare access. Dozens of Sri Lankan Tamils have been stranded for more than two years in a makeshift camp on Diego Garcia. It is the first-time asylum claims have been filed in the territory. The UK government said it was looking for a long-term solution. UNHCR representatives visited Diego Garcia towards the end of 2023 in a trip facilitated by UK authorities. It was the first time they had been given access to the island since the migrants' arrival more than two years ago. (BBC Web Page: 19/01/24, FARUK)

**AMERICAN LUNAR MISSION DESTROYED OVER PACIFIC OCEAN**

A US spacecraft launched last week to try to land on the Moon has ended its mission in flames over the Pacific. Peregrine One suffered a propulsion fault that scuppered any prospect of a lunar touch-down and it was commanded to destroy itself instead. The private operator, Pittsburgh-based Astrobotic, directed the craft into Earth's atmosphere to burn up. A tracking station in Canberra, Australia, confirmed loss of signal with Peregrine at 20:59 GMT. (BBC Web Page: 19/01/24, FARUK)

**BIDEN SAYS US STRIKES HAVE NOT STOPPED HOUTHI ATTACKS**

Houthi forces launched a new missile attack on a US-owned vessel on Thursday, after President Joe Biden said American strikes have not deterred the militant's campaign in the Red Sea. The Pentagon said no damage or injuries were reported after Houthis fired two missiles at the MV Chem Ranger. The attack followed a fifth round of US strikes in Yemen earlier on Thursday. The White House said US forces took out a range of Houthi missiles that were to be fired towards the Red Sea. Speaking after the US strikes, Mr Biden was asked by reporters in Washington DC if the attacks on Houthi targets were working.
(BBC Web Page: 19/01/24, FARUK)

**ISRAELI TROOPS PUSH DEEP INTO GAZA'S KHAN YOUNIS**

Israel says its troops have reached the southernmost area of Khan Younis, as they expand their operations in the Gaza Strip's second biggest city. The military announced that dozens of Palestinian fighters from Hamas had been killed in close quarter combat. Armed groups also reported clashes in the area, while health officials said 172 people had been killed across Gaza. Meanwhile, Israel's president said he was praying that medicines delivered to the Strip would reach Israeli hostages. (BBC Web Page: 19/01/24, FARUK)

**:: The End ::**